## যাজের বর্ত্তমান অবস্থা এবং শুমার জীবনে ব্রাক্ষসমাজের শুরীকিত বিষয়।

निद्यमक

প্রীবিজয়কৃষ্ণ গোস্বামী।

षिতীয় সংস্করণ।

শ্বিশ্ব ক্ষান্তর পৃত্তক প্রচার বিভাগ হইতে প্রকাশিত।

কলিকাতা।

ন্দ্ৰসমাৰ্জ ইটো শ্ৰীকাৰ্ডিকচন্দ্ৰ দত্তহারা মুক্তিত ২১১ নং কর্ণগুলালিন ব্লীই হইতে প্রকাশিত।



জামি বে ভাবে ব্রাহ্মসমাজে প্রবেশ করিয়াছি এবং বে বে কারণে ব্রাহ্মসমাজে পরিবর্ত্তন ও আন্দোলন দর্শন করিয়াছি, সংক্ষেপে তাহারই উল্লেখ করা এই ক্ষুদ্র পৃস্তকের উদ্দেশ্য। স্বীয় হস্তে আপনার বিষয় লিখিতে অত্যন্ত কুন্তিত হইতে হয়, এজন্ত বাহা লেখা নিতান্ত কর্ত্তব্য তাহারই উল্লেখ করি-য়াছি। প্রচার বিবরণ আন্দ্যোপান্ত বিস্তাররূপে উল্লেখ করিলে সকলেরই কৃচিকর হইত। কিন্তু সমস্ত বিবরণ উল্লেখ করিলে পৃস্তক ধানির আয়তন অত্যন্ত অধিক হইত স্ক্তরাং অর্থাভাবে ভাহা সম্যক্রপে উল্লেখ করিতে পারি নাই।

এই পৃস্তক প্রকাশ করিয়া আমি জনসমাজে হাস্যাম্পদ হইব তাহা বিলক্ষণ জানি। তথাপি এই কৃত পৃস্তক থানি পাঠ করিয়া এক ব্যক্তিও যদি বিনীত, সহিষ্ঠ্, জমাশীল ও পরিত্রাণার্থী হইয়া পরিত্র ব্রজ্ঞোপাসনাকে জীবনের ব্রত মনে করিয়া, প্রতিদিন তাহা সাধন করেন এবং একমাত্র পরিত্র ব্রজ্ঞোপাসনাকেই ব্রাহ্ম নামের পরিচায়ক এবং যে কার্য্যে ব্রজ্ঞোপাসনা হয় না তাহা ব্রাহ্মধর্মের কার্য্য নহে, এরপ মনে করেন, ও ব্রজ্ঞোপাসনা না করিলে ব্রাহ্ম নাম গ্রহণ করা বিভ্ন্থনা মাত্র ইহাতে যদি দূর্ভবিশাস করেন, তাহা হইলে সকল উপহাস গ্লানি সৃষ্ঠ করিয়া আনন্দ লাভ করিতে সক্ষম হইব।

আমার শ্রদ্ধাম্পদ বন্ধু শ্রীযুক্ত বাবু উমেশচন্দ্র দত্ত মহাশন্ধ এই পুস্তক মূডাক্ষণে বিশেষ সাহায্য করিয়াছেন, তজ্জ্ব তাঁহাকে অন্তরের সহিত ধন্তবাদ প্রদান করিতেছি।


কলিকাতা নিবেদক। ১লা আবাঢ় ১৭৯৪শক বিজয়কুফ গোস্বামী।

## দ্বিতীয় সংস্করণের বিজ্ঞাপন।

এই পুস্তকথানি ঘারা ত্রাহ্ম-সাধারণের বিশেষ হিত সাধিত হইরা আসিতেছিল। সম্প্রতি এই পুস্তকের আরও বছল প্রচার হওয়া প্রার্থনীয় বলিয়া এবং প্রথম বারের পুস্তক সম্দায় নিঃশেষিত হওয়ায়, সাধারণ ত্রাহ্মসমাজের পুস্তক প্রচার বিভাগ হুইতে ইহা পুনঃ প্রকাশিত হুইল। প্রদ্ধেয় পণ্ডিত বিজয়কৃষ্ণ গোস্থামী মহাশন্ন এই পুস্তকের স্বত্ত সাধারণ ব্রাহ্মসমাজকে প্রদান করিয়াছেন। এজগু আমরা তাঁহাকে বিশেষ কৃতজ্ঞতার সহিত ধন্তবাদ দিতেছি। এবারে কোন কোন অংশ পরিবর্ত্তিত এবং নৃতন লিখিত হইয়াছে, সাধারণের স্থবিধার জম্ম আমরা ইহার পূর্ব্ব মূল্য চারি জানা হুলে তিন আনা করিয়া দিলাম।

৫৬ ব্রাহ্ম সংবৎ } অগ্রহারণ।

## ব্রাহ্মসমাজের বর্ত্ত মান অবস্থা এবং আমার জীবনে ব্রাহ্মসমাজের পরীক্ষিত বিষয়।



বর্ত্তমান সময়ে ব্রাহ্মদিগের মধ্যে অসদভাব অস্থিলন, দর্শন করিয়া মন অত্যন্ত ব্যথিত হইয়াছে। আহা! পূর্ব্বে ধর্বন ব্রাহ্মসমাজে প্রবেশ করি, সে কি স্থাপর অবস্থা ছিল ! তথন একজন ব্রাহ্মভাতাকে দেখিবামাত্র হৃদ্য মন আনন্দে পরিপূর্ণ হইয়া উঠিত, তাঁহার সদৃভাব দেখিয়া হৃদয় ভক্তিভাবে গ**দ গদ হইত। হা**য়! সেই স্থাবের অবস্থাকে হরণ করিল ? এখনকার শোচনীয় অবস্থা যে আর সহু করা যায় না। চতুর্দিকে মহামারী উপস্থিত—ভ্রাতা ভ্রাতাকে নির্ঘাতন করিতেছেন. কেছ বা নির্জ্জনে ভ্রাতার নিন্দা করিয়া আমোদ করিতে-ছেন, কেছ বা ভাতাকে অপদন্থ করিবার জন্ম প্রকাশ্ত পত্রিকায় ভাতার জীবনের সমালোচনা করিতেছেন, প্রচারক-দিপকে প্রকাশ্তে গালি বর্ষণ করিতেছেন। তাঁহারাও তীব্র সমালোচনায় পাত্র জালা নিবারণ করিতেছেন। পবিত্র ব্রাক্ষ-সমাজের মধ্যে এরপ ছুর্দশা কেন হইল ? ইহা চিন্তা করিতেও ল্লন্ত বিদীর্ণ হয়।

বান্ধ ভাতৃগণ! বড় আশা করিয়া ব্রাহ্মসমাজে প্রবেশ করিয়াছিলাম। মনে করিয়াছিলাম ব্রাহ্মসমাজই এক মাত্র শান্তিমান, ত্রাহ্ম-ভাতাদের সহবাস আনল-নিকেতন। বর্তমান সময়ে দারুণ অশান্তি আসিয়া ব্রাহ্মসমাজকে অধিকার করিয়াছে। যাঁহাদের সহবাসে আনন্দ অনুভব হইত, এখন তাঁহাদের সংসর্গে ছুঃখের উৎপত্তি সন্দেহ নাই। ভাতৃগণ! ব্রাহ্মসমাজে এই অবস্থা প্রবেশ করিল কেন ? তাহা প্রকাশ করিতে হইলে খীয় জীবনে ব্রাহ্ম-ধর্ম্মের কিরূপ পরিবর্ত্তন হইতে দেখিয়াছি তাহা বিশেষ রূপে বর্ণনা করা কর্তব্য। বাস্তবিক বর্ত্তমান অবস্থা চিম্ভা করিলেই স্থীয় জীবনের প্রতি দৃষ্টি নিপতিত হয়। এজন্ত আমার জীবনে আমি ব্রাহ্মধর্মকে কিরপে পরিবর্ত্তিত হইতে দেখিয়াছি তাহা প্রকাশ করাই আমার বিশেষ উদ্দেশ্য। স্থীয় জীবন চিন্তা করিলে অনেক সময় মন প্রকুল হয়, কখন বা শোক ছুঃখে মুফমান হয়। খীয় জীবন আলোচনা করিলে বিশেষ উপকার হইবার সম্ভাবনা। কারণ ব্রাহ্মসমাজ সমালোচনা করিতে হইলে সীয় জীবনের আলোচনা না করিলে আলোচনা পূর্ণ হইতে পারে না। ভতএব আমার জীবনে ব্রাহ্মধর্মকে কিরূপ পরিবর্ত্তিত হইতে দেখিয়াছি তাহা সংক্রেপে বর্ণনা করিতেছি। পুর্বের বর্তমান হিন্দু ধর্মে আমার বিশেষ আছা ছিল। সে ভক্তির অবস্থা মরণ করিতেও ছাদয় আনন্দে পরিপূর্ণ হয়। হিন্দুধর্মে পূর্ণবিশ্বাসী ব্যক্তির যে বে লক্ষণ থাকা উচিত,

তাহা সমস্তই আমাতে বর্তুমান ছিল। দেশের স্ত্রী পুরুষ **সকলেই আমাকে অন্তরের সহিত** প্রীতি করিতেন। কিন্ত অসত্য কুসংস্কার চিরদিন মনুষ্য হৃদয়কে অধিকার করিয়া থাকিতে পারে না। যে হিন্দু শাস্ত্র হিন্দু ধর্ম্মের সংরক্ষক, সেই হিলু শান্ত্রই আমার আগুরিক কুসংস্থারের উন্লক হইল। হিন্দু শান্ত অধ্যয়ন করিয়া ঘোর বৈদান্তিক হইয়া পড়িলাম, তখন সমস্ত পদার্থ ব্রহ্ম—অহং ব্রহ্ম এই সত্য বিশ্বাস করিতাম, উপাসনার আবশুকতা স্বীকার করিতাম না। এই সময়ে আমার এক শিষ্য আমার পদ পূজা করিভেভিলেন আমি মল পড়াইতেছিলাম, হঠাৎ আমার মনে হইল যে, আমাতে এ সকল ক্ষমতা নাই, আমি স্বয়ং কিরূপে পরি-ত্রাণ পাইব তাহার নিশ্চয় নাই, আমি পরিত্রাণ করিব কিরুপে ? দূর হউক, এরুপ কপট আচরণ আর করিব না। ইহার পূর্ব্বে আর একটা ঘটনা হয়—আমাকে কে ডাকিয়া বলিল পরলোক চিন্তা কর। কে বলিল লোক দেখিলাম না। ভয়ে জর হইল।

এই সমরে বগুড়া জেলার গমন করি। সেধানে তিনজন সাধু ব্রান্দের সহিত আলাপ হওরাতে অত্যন্ত প্রীতি লাভ করিলাম, সেধানেই প্রথমে ব্রাহ্মসমাজের কথা প্রবণ করিলাম। ইহার পূর্ব্বে এই মাত্র জানিতাম যে, কলিকাতার একদল বন্ধজানী আছে, তাহারা ধরেজ্বাচারী হইরা স্বরাপান মাংস ভোজন করে। এজক্ব ব্রহ্মজ্ঞানীর নাম প্রবণ করিলেই আমি বিরক্ত হইতাম। কিন্তু বগুড়াতে তিনজন ব্রান্ধের বিশুদ্ধ জীবনে আমাকে বিমুন্ধ করিরাছিল, তজ্জন্য তাঁহাদের সহিত অকৃত্রিম বন্ধুতা ভূত্রে নিবদ্ধ হইয়া বিশেষ আনন্দ লাভ করিলাম। তাঁহাদের সহিত বন্ধুতাভূত্রে আবন্ধ হইলাম বটে, কিন্তু তাঁহারা ব্রাহ্মই রহিলেন, আমি বৈদান্তিকই রহিলাম। ভিন্ন মত হইলে বে প্রণয় হয় না ইহা সকল স্থানে সভ্য নহে। যাহাহউক আমাকে ব্রাহ্ম করিবার জন্ম তাঁহাদের সম্পূর্ণ যত্ব। তাঁহারা কলিকাতা ব্রাহ্মসমাজে উপ্তিত হইতে আমাকে বিশেষরূপে অনুরোধ করেন।

আমি বগুড়া হইতে কলিকাতার আসিয়া এক জন বন্ধুর হুকেন্টার অত্যন্ত কন্টে পড়িলাম। তিনি আমার সমস্ত অর্থ লইরা জুরা খেলিরা পলারন করেন। আমার নিকট এক পরসাও ছিল না, অথচ কলিকাতার থাকিয়া সংস্কৃত কলেজে অধ্যয়ন করিতেও অত্যন্ত অনুরাগ। কলিকাতার অবস্থিতির জক্ত বিশেষ চেটা করিলাম। কোন স্থবিখ্যাত দরাবান্ বাবুর নিকট সাহায্য প্রার্থনা করিলাম, কিন্তু আমার ছুর্ভাগ্য বশতঃ তাঁহার বাসান্থ কতিপর ভজ সন্তানের ছুর্যবহারে তিনি প্রভিক্তা করিয়াছিলেন যে আর কাহাকে বাসার ছাম দান করিবেন না। এই প্রতিক্তা শ্রবণ করিয়াই আমি তাঁহার নিকট হইতে প্রন্থান করিয়া কোন ছন্তিভাজন ঠাকুর মহান্ধরের নিকট আবেদন করিলাম। তিনি আমার আবেদন পত্র লইয়া ছিড়িয়া ফেলিলেন। এ কার্যো তাঁহার প্রতি

আমি বিরক্ত হইলাম না, কারণ বগুড়াস্থ বন্ধুত্র ঠাকুর বাবুর विश्निष सूर्थााि कविशाि हिलन। यत्न कविलाय खरनक लारक ইহাঁদিপকে প্রবঞ্চনা করে এ জন্ম আমার প্রকৃত অবস্থা বুঝিতে পারিলেন না। দিবসে উপবাস রাত্রিতে গোলদীখিতে কালেজের বারেগ্রায় শয়ন এই অবস্থায় তিনি চারি দিবস অতিবাহিত করি-লাম। কলিকাতায় অনেক বন্ধু বান্ধব ছিলেন, কিন্তু বিপদ কালে তাঁহাদের নিকট গমন করিলে কোন প্রকার অবজ্ঞা দেখিয়া পাছে বন্ধুতা বিনষ্ট হয় এই আশকায় তাঁহাদের নিকট গমন করিলাম ন:। যাঁহার জন্য আমার এত কন্ত্র, এই সময়ে সেই বন্ধুও আসিয়া উপস্থিত হইলেন। বন্ধুতার অনুরোধে তাঁহাকে কোন ভং সনা না করিয়া চুইজনে একজন ভদ্রলোকের বাসায় অবস্থিতি করিতে লাগিলাম। এই ভদ্র লোকটী সুরাপান সভার সভাপতি। এখন গাঁহাদিগকে বড ব্রাহ্ম বলিয়া দেখিতেছি, সেই সময়ে তাঁহাদিগকে উদর পূর্ণ করিয়া স্থরা সেবন করিতে দেখিয়াছি। তাঁহারা আমাকে সুরাপায়ী করিবার জন্য বিশেষ চেষ্টা করিতেন, আমি প্রাচীন সংস্কারের বশবর্তী হইয়া তাঁহাদিগকে তিরস্কার পূর্ব্বক সুরার নিক্ষা করিতাম। আমি অ'দ্বৈতবংশ গোসামী, আমি সুরাপান করিলে অথবা অন্য কোন পাপাচরণ করিলে আমার নির্মাল পিতৃকুল कमिक्षिण हरेरत, रक्ति धरे मश्कारत ज्ञानक मग्र ज्ञामारक কুসঙ্গ নরক হইতে রক্ষা করিয়াছে। সেই অবধি তাঁহারা আমাকে গোপন করিয়া সুরাপান করিতেন। সুরাপান নিবারণ বিষয়ে হিন্দু ধর্মের শাসন অতি চমংকার! ইংরেজি ভাষা শিক্ষা এবং ইংরাজদিগের সহবাস, খন্তান ধর্ম্মের প্রাহর্ভাব, বিশাতি সভ্যতার বাছিক আকর্ষণ এই সকল কারণে স্থরাপান ভারতবর্ষে অধিক প্রচলিত হইয়াছে। পূর্ব্বোক্ত কারণগুলির একটীরও সাহয্য না পাওয়াতে খোর পাড়াগেঁরে অসভ্য হইয়া সুরাপায়ীদিগকে বিলক্ষণ রূপে গালি বর্ষণ করিতাম। তথন আমি অসভ্য না থাকিলে নিশ্চয়ই প্রধান প্রধান লাকের ন্যায় আমিও স্থরাপায়ী হইতাম, তাহাতে কিছু মাত্র সন্দেহ নাই। এই হৃঃখের সময় এক দিন মনে হইল যে বগুড়াম্থ বন্ধুত্রয় ব্রাহ্মসমাজে ঘাইতে অনুরোধ করিয়াছেন, অদ্য বুধবারে একবার ব্রাহ্মসমাজে যাইতে হইবে। ব্রাহ্মসমাজ দেখিবার পূর্কের আমার সংস্কার ছিল যে ব্রহ্মজ্ঞানীরা কেবল তবলা বাজাইয়। গান করে, বেদ পাঠ করে, অবশেষে স্থরাপান ও মাংস ভোজন করে। ব্রাহ্মসমাজ সম্বন্ধে কতদর অজ্ঞতা থাকিতে পারে, তাহা আমি বিলক্ষণ অমু-ভব করিয়াছি। সায়ংকাল উপস্থিত হইলে ব্রাহ্মসমাজে গমন করিলাম। সমাজের আলোক মালা, তাল মান সংযুক্ত মধুর সংগীত, ভক্তিভাবে স্তোত্র পাঠ, বহু সংখ্যক লোকের গম্ভীর ভাব এই সকল দর্শন ও প্রবণ করিয়া আমি ব্রাক্ষসমাজকে স্বর্গধাম বলিয়া ছাদয়সম করিতে লাগি-লাম। আমার পূর্বের সংস্থার তিরোহিত হইল। পরে ভক্তিভাজন বাবু দেবেক্রনাথ ঠাকুর স্বর্গীয় ভাবে বক্তৃতা করিতে লাগিলেন। পাপীর তুর্দ্দশা—স্বাধরের বিশেষ করুণা এই বক্ততা প্রবণ করিয়া আমার পূর্ববিদার ভক্তি ভাব স্মৃতি পথে উদিত হইল, এতদিন যে ইষ্ট দেবতার পূজা করি-নাই তজ্জন্য প্রাণ আকুল হইয়া উঠিল, সমস্ত শরীর গলদৃ-ঘর্ম্মে কম্পিত হইতে লাগিল, অশ্রুজনে হৃদর ভাসিতে লাগিল, চতুর্দিক্ শূন্য দেখিয়া অন্তরে দয়াময়ের নিকট এই প্রার্থনা করিলাম যে, 'দয়াময় ঈশ্বর! প্রাচীন হিন্দু ধর্মে আমার বিশ্বাস হয় না, অন্য কোন ধর্মেও আমার বিশ্বাস নাই। ধর্ম সম্বন্ধে আমার ন্যায় হতভাগ্য বোধ হয় পৃথিবীতে আর কেহ নাই। যখন পৌত্তলিক ধর্ম্মে বিশ্বাস ছিল তখন ইষ্ট দেবতার পূজা করিয়া অপার আনন্দ ভোগ করিতাম এখন তাহা হইতেও বঞ্চিত হইয়াছি। এই মাত্র শুনিলাম তুমি অনাথের নাথ, প্রভো! আমি তোমার শরণাপন হইলাম, তুমি আমাকে রাখ, আর আমি কোথাও যাইব না, তোমার ছারে পডিয়া রহিলাম।' এই প্রার্থনা করিবামাত্র ক্রম্য অনেক পরিমাণে শান্তি লাভ করিল। তখন মনে করিলাম শাস্তি লাভের এমন সহন্ধ উপায় থাকিতে আমি কত অশাস্তি ভোগ করিয়াছি। দয়াময় ঈশ্বর অদ্য আমাকে উদ্ধার করিবার জন্য ব্রাহ্মসমাজে আনিয়াছেন, আমারই উদ্ধারের জন্য ভক্তিভাজন দেবেদ্র বাবু অদ্য এই হৃদয়ভেদী বক্ততা कत्रित्नन। মনে মনে एएरवन्त वावुरक धर्च कीवरनत श्रक विनिश्न छिल्टियाल প্रभाम कतिया बाक्रममान दरेए हिन्स

আদিলাম। প্রতিদিন প্রার্থনা করিয়া কি অপার শান্তি লার্ড করিতে লাগিলাম তাহা ব্যক্ত করা যায় না। ধর্ম সম্বন্ধে যাহা কিছু জ্ঞাতব্য হইত, তখনই নির্জ্জনে প্রার্থনা করিয়া দয়াময় পিতার নিকট প্রশ্ন করিয়া উপযুক্ত উত্তর প্রাপ্ত হইতাম। যে দিন যে সত্য লাভ করিজাম তাহা লিখিয়া রাখিতায়। সেই লেখা গুলি সংগ্রহ করিয়াই 'ধর্মনিক্রা' পুস্তক খানি প্রকাশ করা হয়। যখন পুস্তক খানি প্রকাশ করি হয়ত আমার পুস্তকের মিল হইবে না; কিন্তু যখন ভক্তিভাজন কেশববারু পুস্তক খানি আন্যোপান্ত পাঠ করিয়া অনুমোদন করিলেন, তখন আমার আহ্লাদের সীমা পরিসীমা রহিলনা। বিশাস আরো লৃড় হইল। দয়াময় পরমেশর যে গুরু হইয়া অজ্ঞানকে জ্ঞান দান করেন, তাহাতে কিছু মাত্র সন্দেহ নাই।

অন্তরে দয়াময়ের চরণাপ্রয়ে শান্তি লাভ করিয়া বগুড়ায়
গমন করিলাম। বগুড়ায় বদ্ধগণ আমার পরিবর্ত্তন দেখিয়া
অপার আনন্দ লাভ করিলেন। সেধানে কিছুদিন থাকিয়া
মেডিকেল কলেজে ভরতি হইয়া কলিকাতায় চলিয়া আসিলাম।
কলিকাতায় আসিবার সময় কিছুদিন শান্তিপুরে অবস্থিতি
করিয়াছিলাম। একদিন আলোচনা করিতেছি য়ে, পরমেশ্রয়
সমস্ত মমুন্তকে হজন করিয়াছেন, তিনি সকলের পিতা মাতা।
এইজন্য প্রত্যেক নরনারীকে ভ্রাতা ভয়ী বলিয়া বিশাস
করিতে হইবে। সর্বব্যাপী ঈশ্রর সকলেরই অস্তরে বাস

করেন, তিনি কাহাকেও ঘূণা করেন না, সুতরাং মনুষ্য মমুষাকে দ্বৰ্ণা করিলে মহাপাপ হয় সন্দেহ নাই। অতএৰ জাতিভেদ স্বীকার করিলে ঈশ্বরকে পিতা বলিয়া বিশ্বাস করা হয় না। এই বিষয় আলোচনা করিতেছি এমন সময়ে একাদশ বৰ্ষ বয়ন্ত একটা বালক বলিয়া উঠিল বে, যদি ভূমি জাতি-ভেদ মান না তবে পইতা রাখিয়াছ কেন ? তংক্ষণাৎ বাল-কের কথা ঠিকু বোধ হইল, তখনই তাহার সাক্ষাতে উপবীত ত্যাগ করিলাম। বালকটা তথনই আমার মাতা ঠাকুরাণীর নিকট উপবীত ত্যানের কথা প্রকাশ করিয়া দিল। মাতা ঠাকুরাণী উদ্বন্ধনে প্রাণত্যাগ করিতে গমন করিলেন দেখিয়া পুনর্ব্বার উপবীত গ্রহণ করিলাম। পরে মেডিকেল কালেজে আসিয়া অধ্যয়ন করিতে লাগিলাম। এই সময়ে প্রবণ করিলাম যে ব্ৰাহ্ম ধর্মে দীক্ষিত হইতে হয়। ইহা ভনিয়া দীক্ষিত হইতে অত্যন্ত অভিনাষ হইল। দীক্ষিত হইলে ধর্মভাব রৃদ্ধি হয়, স্নতরাং অবিলম্বে কলিকাতা ব্রাহ্মসমাজে ভক্তি-ভাজন দেবেল্র বাবুর নিকট দীক্ষিত হইলাম।

উপবীত ত্যাগ না করানত আমার মনে অত্যন্ত অশান্তি হইতে লাগিল। এমন কি প্রতিদিন প্রার্থনার সময় হৃদয় কম্পিত হইত। লোকে বলে "পইতা কি গায়ে কামড়ায়?" বাস্তবিক ইহা কাল ভূজক্ষের আয় প্রতিদিন দংশন করিতে লাগিল। উপবীত রাখা অসত্য ব্যবহার। অসত্য ব্যবহার করিলে ইশ্বর দর্শন হবে না। এই তয়ে আমার প্রাণ অভির

হইও। এক দিন ভক্তিভাজন দেবেন্দ্র বাবুকে জিজ্ঞাসা করিলাম বে 'মহাশর! উপবীত রাখা উচিত কি না, মংশ্র মাংস ভক্ষণ করা উচিত কি না প' তিনি উত্তর করিলেন—''উপবীত রাখা নিতান্ত কর্ত্তব্য। উপবীত না রাখিলে সমাজের অনিষ্ট হয়। এই দেখ আমি উপবীত রাখিরাছি। মংশ্র মাংস না খাইলে শরীর রক্ষা হয় না, মশা ছারপোকা খবন মার, তখন অফ্র জীব হত্যায় দোষ কি ?' এই ছুই উত্তরই আমার মতের সহিত ঐক্য হইল না। মনে করিণ লাম এখনও ব্রাহ্মসমাজে কুসংস্কার রহিয়াছে। কিন্তু দেবেন্দ্র বাবু আমাকে যে পাপ কৃপ হইতে উদ্ধার করিয়াছেন তাহা ব্যরণ করিয়া তাঁহার দৃষিত মতের জন্ম তাঁহার প্রতি অপ্রশ্বাহ হইল না।

পূর্কবাঙ্গালাবাসী মেডিকেল কালেজের কভিপয় ছাত্র
একত্রিত হইয়া "হিত-সঞ্চারিদ্দী" নামে একটা সভা করিয়াছিলেন। এক দিন দেই সভার আলোচিত হইল বে, বাহা
সত্য বুঝিব তাহা প্রতিপালন না করা মহাপাপ ও কপটজা।
সেই আলোচনার পরেই উপবীত ত্যাগ করিয়া পাপ ভার
হইতে মুক্ত হইলাম। বাটীতে পত্র লিখিলাম। বাসায়
তর্কের বৃষ উঠিয়া গেল। দেবেল্র বাবুর উপবীত আহে,
অভএব অনেকে আমাকে উপবীত গ্রহণ করিতে অনুরোধ
করিলেন। বে সোমপ্রকাশ সম্পাদক এখন জাতিভেদ রাধিতে
বিশেষ বর করিতেছেন, তখন তিনি আমাকে বিশেষ উৎসাহ

প্রদান করিতে লাগিলেন। ব্রাহ্মসমাজ যে উপবীত ত্যাগের বিরোধী, ইহা বলিয়া ব্রাহ্মসমাজকে দোষারোপ করিতে লাগিলেন। এখন তাঁহার বিপরীত মত।

এই সময়ে উৎসাহে হৃদয় পরিপূর্ণ হইয়া উঠিল।
চতুর্দিকে লোকের অধর্ম পাপ দেখিয়া অফ্রপাত না করিয়া
থাকিতে পারিতাম না। এক দিন মনে হইল পথে দণ্ডায়মান হইয়া ব্রাহ্মধর্ম প্রচার করিব। সেই দিন অপরাত্রে
প্রেসিডেন্সি কালেজের নিকট দণ্ডায়মান হইয়া ব্রাহ্মধর্মের
সরল সত্য গুলি প্রচার করিতে লাগিলাম। চারি পাঁচ শত
লোক একাগ্রমনে শ্রবণ করিতে লাগিলা। কিছু দিন এইরপ করাতে আমার বিশেষ উপকার হইয়াছিল। ইহাতে
লোকের প্রতি দয়া হয়, সহিঞ্তা হদ্ধি হয়, সত্যের মহিমা
দৃঢ় রূপে হৃদ্ধয়সম করা য়ায়।

সঙ্গত সভার সাম্বংসরিক অধিবেশনে গমন করিয়া 'অমুঠান' নামে এক থানি পুস্তক প্রাপ্ত হইলাম। তাহা পাঠ
করিয়া দেখিলাম যে, তাহাতে নিখিত আছে যে, ''উপনয়নের সময় উপবীত গ্রহণ করিবে না'' ইহা পাঠ করিয়া
মনে করিলাম যে উপবীত ত্যাগ করা সন্ধৃত সভার মত
অত্থব এই সভাতে গমন করিতে হইবে। পূর্ব্ববাঙ্গালাবাসী একজন ভাতার সহিত গমন করিয়া সঙ্গতের সভ্য
হইলাম। ইহার পূর্ব্বে ভক্তিভাজন কেশব বাবুর সহিত
আমার পরিচয় ছিল না। সঙ্গতে নিত্য নৃত্ন সত্য লাভ

করিয়া ভক্তিভাজন কেশব বাবুর নিকট অত্যস্ত কৃতজ্ঞ হইতে লাগিলাম। সঙ্গতেই অধিকাংশ ব্রাহ্ম ভ্রাতার পরিচিত হই। ব্রাহ্মভাতাদের সহবাসে কি অসীম আনন্দ ভোগ করিতাম তাহা মারণ করিয়াও এখন হৃদয় আনন্দিত হয়। সঙ্গত এবং ব্রাহ্মসমাজ হইতে আসিয়াই মনে হইত আবার কখন সঙ্গতে গমন করিব, সমাজে গমন করিব, ব্রাহ্মভাতাদের সহিত সন্মিলিত হইব। তখন আমি প্রধান প্রধান ব্রাহ্মদিগের নিকট অপরিচিত ছিলাম, এজ্ঞ তাঁহা-দের বাটীতে ব্রাহ্মধর্মাযুসারে কোন অনুষ্ঠান হইলে আমাকে নিমন্ত্রণ করিতেন না। কিন্তু আমাকে নিমন্ত্রণ করেন নাই বলিয়া আমি অভিমান করিয়া বাসায় থাকিতে পারিতাম না। সেধানে গমন করিলে ব্রহ্মনাম প্রবণ করিব, ভাতাদের সহিত সন্মিলিত হইব, এই ভাবিয়া সর্ব্বত্রই গমন করিয়া অপার আনন্দ সম্ভোগ করিতাম। ধর্ম জীবনের এই বাল্য ব্যবহার कीरत ना थाकिल जिमारन मन मर्वामार्थ कृष्टि थाक, ভাতাদিগের সহিত সরল ব্যবহার করা বার না। ডধন প্রত্যেক ব্রাহ্মকেই জ্যেষ্ঠ ভাতা বলিয়া বোধ হইত। তাঁহাদের মুখনিঃসত সামাগু উপদেশও বহু মূল্য বোধ হইত। ভাতাদের মুখনী আনন্দ মাখা বোধ হইত। তখন ভাতাদেরই সহিত সম্বন্ধ—ভগ্নীগণ এখনও ব্ৰাহ্মসমাজে আগমন করিয়া পিতার শান্তি রাজ্য দর্শন করেন নাই। হায়! সেই শান্তি রাজ্য এখন কোথায় প

্র্জই সময়ে একবার শান্তিপুরে বাটীতে গমন করিলাম। আমি গমন করিবা মাত্র মহা আন্দোলন উপস্থিত হইল। **শান্তিপুর শুদ্ধ লোক আমার উ**পর খড় গ হস্ত হইয়া উঠিল। পথে বহিৰ্গত হইলে কেহ গালি দিত, কেহ ঘূলি নিকেপ করিত, কেহ বা প্রহার করিতে উদ্যুত হইত। যাঁহারা ব্রাহ্ম বলিয়া পরিচয় দেন, তাঁহারাও বাতুল বলিয়া উপহাস করিতে লাগিলেন। ব্রাহ্ম হিন্দু সকলেই আমাকে ষংপরোনান্তি অপ্মান করিতে লাগিলেন। এদিকে মাতা ঠাকুরাণী উপবীত चानित्रा अनान कतिरलन, जाश चामि अश् कतिनाम ना দেখিয়া তিনি আমার পায়ে পড়িয়া উল্লেখরে কান্দিতে লাগি-লেন! মাতা ঠাকুরাণীর এইরূপ ব্যবহারে আমি মৃচ্ছিত হইয়া পড়িলাম। কিছুক্ষণ পরে চেতন হইয়া বলিলাম বে, 'বদি আমাকে পুনর্কার উপবীত গ্রহণ করিতে হয়, তাহা হইলে নিশ্চয়ই প্রাণত্যাগ করিব, আমি আর অসত্যকে ধারণ করিব না।' মাতা ঠাকুরাণী আমার অভিগ্রার বুঝিতে পারিয়া বলিলেন যে, "তুমি আর পইতা গ্রহণ করিও না, যখন তোমার পইতা হয় নাই তখন যেরূপ ছিলে এখনও তাহাই মনে করিব—তুই বেঁচে থাকু।" মাতার এই আদেশ শুনিয়া মনে মনে দয়াময় ঈশবকে সহত্র সহত্র ধন্যবাদ অর্পণ করিলাম। যে পিডার শরণাপন্ন হয়, কেহই তাহাকে ধর্ম ছইতে বিচ্ছিন্ন করিতে পারে না। মাতা ঠাকুরাণী ক্লান্ত হইলেন, কিন্তু অগ্রজ মহাশয় হিন্দুসমাজ কর্তৃক উত্তেজিত হইয়া প্রকাশ্য সভা আহ্বান করিয়া আমাকে পরিত্যাগ করিলেন। প্রধান প্রধান গোস্বামীগণ আমাকে বলিলেন বে, "তুমি শান্তিপুর ত্যাপ কর, নতুবা তোমার দৃষ্টান্তে অনেকের श्वनिष्ठ इटेर्टर।" श्रामि विल्लाम स्य श्रापनारम्ब श्रामीसीरम যদি শান্তিপুরে বাস করিরা ইহার কিছু উপকার করিতে পারি, তাহা হইলে আমার জীবন সফল হয়। আমার বিশাস বে, হয়ত কালেতে এই ঠাকুর মর ব্রাহ্মসমাজ হইতে পারে। এই কথা শুনিয়া আমাকে সমাজচ্যুত করিয়া সকলে প্রস্থান করিলেন। সেই বারেই শান্তিপুরে একটা ব্রাহ্মসমাজ সংস্থা-পিত হইল। কুসংস্বারাপর শান্তিপুরে ব্রহ্মোপাসনা হইল ইহা অপেকা হুখের বিষয় কি আছে ? ত্রাহ্মদিগের জীবনে ব্রক্ষোপাসনা ও সভ্য পালনে দৃঢ়তা থাকিলে শান্তিপুরের বিশেষ উপকার হইত। ব্রাহ্মদিগের স্ব স্থ জীবনের প্রতি বিশেষ দৃষ্টি না থাকাতে ব্রাহ্মসমাজে অনেকের অশ্রদ্ধা হইল। বিভন্ধ कीवनरे धर्म প্রচারের প্রধান অবলম্বন।

আশ্বীয় বন্ধু সকলেই পরিভ্যাগ করিলেন, কেবল আমার ভন্নীপতি শ্রীযুক্ত কিশোরী লাল মৈত্র মহাশয় আমাকে ভাগ করিলেন না। তিনি ত্যাগ করিলেন না বলিয়া আমার ভন্নী শান্তিপুরের বাটীতে হান পাইলেন না। অগত্যা বৈত্র মহাশয় ভাঁহাকে কলিকাভায় লইয়া আসিলেন। ভাঁহাকে বাসায় আনিলে আমানের বাসায় প্রভিদিন পারিবারিক উপাসনা হইতে লাগিল। এক মাসের পর আমার প্রভনীয়া ভোঁঠা ভগ্নী বলিলেন বে, পৌত্তলিক উপাসনা অপেকা ব্ৰহ্মোপাসনাই ষ্টাহার ভাগ বোধ হয়। তিনি ব্রহ্মোপাসনা আরম্ভ করিলেন। পূর্বে বেমন আছিক না করিয়া জল গ্রহণ করিতেন না, এখনও তক্রপ রক্ষোপাসনা না করিয়া জল গ্রহণ করিতেন না। ক্রমে উপাসনার প্রতি ভাঁহার গাঢ় অমুরাগ হইল। এখন হইতে ভাই ভন্নীতে পিতার চরণ পূজা করিয়া কুতার্থ হইতে লাগি-লাম : মৈত্র মহালয় বেরপে সাংসারিক কত্ত্বে পডিয়াছিলেন. উপাসনার গাঢ় অনুরাগ না হইলে সপরিবারে কখনই সেই কষ্ট সহু করিতে পারিতেন না। ধর্মের জন্য মনুষ্য কত হু:ব সহু করিতে পারে তাহা তাঁহাদের জীবনে প্রত্যক্ষ করিয়াছি। পাঁচটী সম্ভান লইয়া সেই কষ্ট বহন করা ৰাম্ববিক্ই অসম্ভব তাহাতে সন্দেহ নাই। পৌত্তলিক মতে মৈত্র মহাশয় পুতের বিবাহ দিলে সহস্র মৃতা প্রাপ্ত হইতেন। সভ্যের অনুরোধে তৃণবং সে অর্থ পরিত্যাগ করিলেন। ধর্ম রাজ্যের ইহা অভি রমণীয় দুশ্য। ইহাঁদের কট্ট দেখিয়া আমার নিজের যন্ত্রণা যংসামান্য বলিয়া প্রতীতি হইতে লাগিল।

এক দিন সন্ধতে প্রবণ করিলাম বে, বাগ্র্মাচাড়া নামক ছানে অনেক গুলি লোক রাহ্মধর্ম গ্রহণ করিবার জন্য ব্যাকুল হইয়াছে; কে সেখানে মাইবে এমন লোক পাওয়া যাইডেছে না। তথনই সেখানে যাইবার জন্য স্বীকৃত হইলাম। কেছ কেছ বলিলেন বে, মেডিকেল কালেকে উত্তীৰ্ণ হইবার আর শ্বন সময় আছে, এখন অধ্যয়ন পরিত্যাগ করিলে কিরুপে উহাঁর পরিবার প্রতিপালিভ হইবে। বিনি মক্লভূমিতে ড়ণ থক্ষ রক্ষা করেন, সমৃদ্রের গভীর নীর মধ্যে প্রাণী পুঞ্জকে প্রতিপালন করিতেছেন, কোনৃ অবিধাসী বলিবে যে, তিনি অনাহারে হুঃখী পরিবারকে বিনাশ করিবেন ? ভক্তিভাজন কেশব বাবু বলিলেন বে, প্রচারক হইলে পরীক্ষা দিতে হইবে। আমি তাহাতেও সমত হইলাম। ঈশবেচ্ছার পরীক্ষায় উত্তীর্ণ হইলাম। প্রথমে কলিকাতা ব্রাহ্ম সমাজে অধ্যেতার কার্য্য এবং কোন্নগর, লেবুডলা, পটলডাঙ্গা, ব্রাহ্মসমাজ প্রভৃতিতে উপাসনার কার্য্য করিডাম। সর্ব্বত্রই বিনা আপত্তিতে কার্য্য হইত, কেবল শ্রীরামপুর ব্রাহ্মসমাজের ব্রাহ্মণণ সংস্কৃত ভাষাতে উপাসনা করিতে অসমত হইরা গোলবোগ করিতেন। ব্রাহ্মসমাজে এই প্রথম মতভেদ দর্শন করিলাম। কিন্তু এই সামান্য মতভেদে ভাতৃভাবের কিছুমাত্র অভাব বোধ হয় নাই। এবন বেমন অন্ন মতভেদ হইলেই ভ্রাতৃভাব তিরোহিত হয়, ভাতা ভাতার দোব ঘোষণা করিতে কিপ্রহম্ভ হন, পূর্ব্বে এরপ ছিল না।

কথিত বাগ্ আঁচড়ার গমন করিয়া দেখিলাম তত্ততা লোকদিগের কোন সম্প্রদার ভূক্ত হইবার জন্য বত আগ্রহ, ধর্মগ্রহণের জন্য তত নহে। যে জনাই হউক, জনেক গুলি লোকে ব্রাহ্মধর্ম গ্রহণ করিলেন। ইহাদের মধ্যে জ্ঞানের ক্ষমিনা হইলে ব্রাহ্মধর্ম ছায়ী হইবে না, একারণ সেধানে

विष्णानम् সংস্থাপন করিলাম, কিন্তু অর্থাভাবে বিদ্যালয়টী স্থায়ী হইল না। জ্ঞানের চর্চা না হওয়াতে বাগ আঁচড়ার অবস্থা অত্যন্ত শোচনীয় হইয়া উঠিল। ধর্মে গাঢ় অনুরাগ থাকিলে খোর মূর্যও ধর্মপথে স্থির থাকিতে পারে, নতুবা মূর্থতাদ্বারা ধর্মের বিশেষ হানি হয়। মহাদ্বা চৈতন্যের বিশুদ্ধ ভক্তিময় ধর্মা, অধিকাংশ মূর্থ লোকের হস্তে পড়িয়া কলঙ্কিত হইয়া গেল। বাগ্ আঁচড়ার অবস্থাও প্রায় সেইরূপই হইতেছে। কতকগুলি লোক ব্যভিচারকে ধর্মের নামে প্রচলিত করিতে চেষ্টা করিতেছে। অনেকেই প্রতিদিন উপাসনা করে না, অথচ দেবদেবীর পূজাতে উৎসাহ দিয়া थारक। ज्लान हर्फा जिल्ल धरे मकन घाडम रावशांत स्टेरिंड কিন্ধপে রক্ষা পাওয়া যায় ? প্রত্যেক বান্ধ যদি বান্ধর্ম প্রচা-त्त्रत चारभाक्षा क्षराञ्चम कतिएजन, जाहा हरेला धरे इःथी লোকদিগর বিশেষ উপকার হইত। ছর্ভিক্ষে ক্ষুধার্ত্ত ব্যক্তিকে অন্ন দান না করিলে, মাহামারীতে পীড়িত ব্যক্তিকে ঔষধ পথ্য প্রদান না করিলে লোকে নিষ্ঠুরতা বলে, কিন্তু জ্ঞানহীন মূর্যদিগের আন্তরিক তুর্দশা, ধর্মহীন পাপ দগ্ধ মনুষ্যের হুদ্র यञ्जना मृतीकृष ना कतिरल रक्टरे निष्ठे त्रणा मरन करत ना। তুঃখ দূর করাই যদি দয়ার কাষ্য হয়, তবে পাপ্যয়ণা দূর করা ছ্মপেকা পৃথিবীতে দন্তার কার্য আর কিছুই নাই। যাহার। কখন পাপের বন্ত্রণা ভোগ করিয়াছে, তাহারাই জানে জন দান অপেকা স্বর্থীয় উপদেশের মূল্য কত অধিক। যে পাপের

**ৰত্ৰণা ডোগ করে সেই** ব্যক্তিই পাপ্তম মহুষ্যের জন্য অশ্রুপাত করে। বাগ আঁচড়ার শোচনীয় অবস্থা শারণ করিলে ক্রনন না করিয়া থাকা যায় না। এক জন বিভদ্ধজীবন ব্রাহ্ম বিদ্যালয় করিয়া দেখানে অবস্থিতি করিলে বিশেষ উপকার হয়। অ চড়ায় এক জন ব্ৰাহ্ম আমাকে বলিলেন যে, "যদি উপবীত রাধা কপটতার চিত্র ও মহাপাপ তবে কলিকাতা ত্রাহ্মসমাজের উপাচার্য্য বেদান্তবাগীৰ মহাৰয়, বেচায়াম বাবু ইহারা উপবীত পরিত্যাগ না করিয়া বেদির কার্য্য করেন কেন ? তাঁহাদের षृष्टीरत्व व्यत्मत्क छेभरीज दाश छेडिज मत्न कदित्व।" अरे সরল ব্রাক্ষভাতার কথা শ্রবণ করিয়া আমি মনে মনে আন্দোলন করিতে লাগিলাম। মনে করিলাম, ব্রাহ্মসমাজে এমন অসত্য ব্যবহার থাকা উচিত নহে। যদি ব্রাহ্মসমাজের এই কুরীতি সংশোধিত না হয়, তবে যে সমাজ অসত্যে, প্রত্রয় দেয় তাহার সহিত যোগ দিব না। তাহাতে সম্পাদক ও আচাৰ্য্য ভক্তি-ভাজন কেশব বাবুর নিকট এই মর্ম্মে এক আবেদন পত্র লিধিয়া-हिलाम (व, क्लिकांछ। बाज्यममाब मम्लाव ममास्वत बाल्ल, ইহাতে কোন অসত্য ব্যবহার থাকিলে তাহা সমস্ত সমাজে পরিগহীত হইবে। তথ্ন আদি স্মাজকে কলিকাতা ব্রাহ্মস্মাজ বলা হইত। অভএব কলিকাতা ব্রাহ্মসমাজের উপাচার্যাগণ বৃদ্ধি উপবীভধারী হয়, তবে আমি সমাজকে অসত্যের আলয় বলিয়া পরিত্যাল করিব। কেশব বাবু এই আবেদন শত स्वित्व वातूरक ध्रमान करतन। स्वरत्व बावू ज्वन जेनवीज ত্যাগ করিয়াত্তন। এ জন্য তিনিও এই আবেদনে অমুমোদন করিয়া বলিলেন যে, বেদান্তবাগীশ মহাশয় ও বেচারাম বাবু কোন ক্রমেই উপবীত ত্যাগ করিবেন না। অতএব চুই জন উপবীতত্যানী উপাচার্য্য পাইলেই তাঁহারাই কলিকাতা ব্রাহ্ম-সমাজের উপাচার্য্য হইবেন। ইহা শুনিয়া আসিয়া কেশব বাবু আমাকে এবং অৱসা বাবুকে উপাচার্য্য হইতে অমুরোধ করিলেন। এ সময়ে ব্রাহ্মদের মধ্যে তিন চারি জন উপবীত ত্যান করিয়াছিলেন, এ জন্য আমি উপাচার্য্য হইতে অসম্মত হইলাম। কেশব বাবু বলিলেন ষে, তুমি সম্মত না হইলে এই কার্যাটী সম্পন্ন হইবে না। তাঁহার বিশেষ অনুরোধে সম্মত হইলাম। পরে বিশেষ দিন ধার্য্য করিয়া অল্পা বাবু পাকুড়াশী মহাশয় এবং আমি উপাচার্য্য হইব বলিয়া তত্ত্ব-বোধিনী পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া হইল। পাক্ডাশী মহাশয় দেবেন্দ্র বাবুর নিকট ব্যক্ত করিলেন যে, তিনি উপবীত ত্যাগ করেন নাই। এই কথা ভনিয়া দেবেন্দ্র বাবু বিম্ময়াপর হইয়া পাক্ষড়াশী মহাশয়ের মুখপানে চাহিয়া রহিলেন। যে তত্ত্ব-বোধিনীতে পাকুড়াশী মহাশয়ের নাম ছিল, তাহা দগ্ধ করিয়া পুনর্ব্বার পত্রিক। মুদ্রিত করিয়া বিতরণ করা হইল। কিন্ত পাকড়াশী মহাশয় উপাচার্য না হওয়াতে সকলেই হুঃখিত হইলেন, কারণ পাকড়াশী মহাশয়ের সাধু ব্যবহারে তৎকালে সকলেরই মন আকৃষ্ট হইরাছিল। পরে ফেবেজ বাবু নির্দিষ্ট দিবদে আমাদিগকে উপাচার্য্য পদে প্রতিষ্ঠিত করিলের।

দেইদিন অবধি আমি আর অরদা বাবু উপাচার্য্যের কার্য্য করিতে লাগিলাম।

একদিন হুই প্রহর বেলার ব্রাহ্মসমাজের দিতীর তলে বসিরা রহিরাছি, এমন সময়ে এক ব্যক্তি গরদের বস্ত্র, অসুরী ও এক থানি পত্র লইয়া আমার নিকটে উপস্থিত হইল। পত্রখানি দেবেন্দ্র বাবুর হস্তাক্ষরে লিখিত, কিন্ধ তাঁহার বৈবাহিকের সাক্ষরিত। তাহাতে এইরূপ লেখা ছিল বে, অন্য সারংকালে আমার পৌত্রের নামকরণ হইবে। আপনি উপাচার্য্যের কার্য্য করিবেন এবং প্রেরিত বস্তু সকল গ্রহণ করিবেন।

বরণের জব্যগুলি দেখিয়া আমার মনে অত্যন্ত আশস্ক।
হইতে লাগিল। মনে করিলাম এই সকল ব্যবহার প্রচলিত
থাকিলে নিশ্চয়ই ব্রাহ্মসমাজের মধ্যে পৌরহিত্য প্রথা প্রচলিত
হইবে সন্দেহ নাই। ইহা বিবেচনা করিয়া একখানি পত্র
লিমিয়া বরণের জব্যগুলি প্রতিপ্রেরণ করিলাম। আমি বরণ
গ্রহণ করিলাম না বলিয়া দেবেন্দ্র বারু প্রভৃতি সকলেই আমার
প্রতি বিরক্ত হইলেন। ব্রাহ্মসমাজে এই প্রথম বিরক্তির ভাব
দর্শন করিলাম। তজ্জন্য আমার মনে এত হংগ হইরাছিল
যে, দেবেন্দ্র বারুর নিকট ক্রেন্দন না করিয়া ছির থাকিতে
গারিলাম না।

একদিন দেবেক্ত বাবু বলিলেন, আমি তোমাকে বেখানে যাইতে বলিব সেখানে যাইতে হইবে। সেই কথা শুনিরা আমার মনে অত্যন্ত হৃঃথ হইল। যে জীবনু ঈশ্বরের চর্গে অর্থন করিয়াছি, সে জীবনে কিরূপে মনুষ্যের দাসত্ব করিব ?
আমি দেবেলা বাবুকে বলিলাম "ঈশরের আদেশ শুনিয়া
প্রচার ক্লেত্রে গমন না করিলে জগতে ব্রাহ্মধর্মা প্রচারিত হইবে
না। স্থাধীনভাবে প্রচার করিতে দিন, প্রচারের মধ্যে যেন
সংসারের প্রভুত্ব প্রবেশ না করে।" এই কথা প্রবণ করিয়া
দেবেলা বাবু লজ্জিত হইয়া বলিলেন বে, "আমি বৃদ্ধ হইয়াছি,
সকল স্থানে গমন করিতে পারি না। এ জন্য যেখানে আমার
যাইতে ইচ্ছা হয় সেখানে যদি তুমি গমন কর, তাহা হইলে
আমার মনে বিশেষ আনল হয়।" পরে বলিলেন যে, "স্থাধীন
ভাবে ঈশরের সত্য প্রচার কর; বীজ বপন কর, ঈশরের
কপাতে স্কল উংপর হইবে। ফলের জন্য চিন্তা করিও না,
কলদাতা ঈশর তিনি তোমার সহায় থাকুন।"

এইরপ ছই এক বিষরে দেবেন্দ্র বাবুর মতে বোগ দিতে
না পারিয়া মনে করিলাম, যখন প্রাহ্মসমাজে প্রবেশ করি তথন
কাহারও নিকট পরিচিত ছিলাম না, একাকীই সংসারে বিচরপ
করিতাম। কাহারও মতের প্রতি দৃষ্টি করিতে হইত না।
কিন্তু যতই অনেকের নিকট পরিচিত হইতেছি, ততই মত
তেদের আশক্ষায় ভীত হইতেছি। সকলেই যদি ঈশ্বরের
আদেশ প্রবণ করিয়া জীবন পথে বিচরণ করেন, তাহা হইলে
কোন পোলযোগ হয় না। মন্ত্র্য ঈশ্বরের প্রতি দৃষ্টি না
করিয়া আশনার মত জগতে প্রচার করিতে গেলেই পরশারের
মতের সহিত বাদান্বাদ হয় তাহাতে সদ্দেহ নাই।

এই সময়ে কতকগুলি ব্ৰাহ্ম মনে করিলেন বে, কেশব বাৰু ব্রাহ্মন্মান্তের ভার লইয়া বেরুপ কাও আরম্ভ করিয়াছেন, ইহাতে পৌতলিক সমাজে মহা গোলবোগ হইবে। সপ্তা-হান্তে ব্লাহ্মসমাজে আদিয়া উপাদনা করিলেই হইল; পৌত্ত-শিকতা ছাড়িবার জন্য এত ব্যস্ত কেন ? সমাজচ্যুত হইবার ভরে অনেক ত্রাহ্ম অগ্রসর হইতে তীত হইরা দেবেল বাবুর নিকট বাইয়া বলিতে লাগিলেন যে, "কেশব বাবুর হল্ডে ব্রাহ্মনমাজের ভার কেওয়াতে সকলেই অসন্তই হইয়াছেন। তিনি ষেরপ হিন্দু সমাজের বিরুদ্ধ কার্য্য করিতে আরম্ভ কৰিয়াছেন, আর কিছুদিন তাঁহার হল্তে ত্রাহ্মসমাজের ভার ধাকিলে ব্রাহ্মসমাজ লোকশুন্য হইবে, ভারতবর্ষে ব্রাহ্মধর্ম প্রচারিত হইবে না। এখনও যদি আপনি রাক্ষসমাজকে রক্ষা করিতে চান, তবে শীঘ্র কেশব বাবুর নিকট হইতে ব্রাক্ষসমাজের ভার গ্রহণ করুন। বিশেষতঃ বেদান্তবাগীন মহাশয় ও বেচারাম বাবুকে উপাচার্ঘ্য হইতে না দেওয়াতে ভাঁহাদের প্রতি নিষ্ঠ্রতা করা হইয়াছে। আপনি পুনর্কার তাঁহাদিগকে উপাচার্য্য করুন।"

দেবেশ্র বাব্র একটা বিশেষ স্বভাব এই বে, কোন কথা তাঁহাকে বুরাইরা বলিলেই তিনি তাহাতে বিখাস করেন। কতক্থাল বিজ্ঞ বিজ্ঞ বাদ্ধ পুনঃ পুনঃ দেবেশ্র বাবুকে উত্তেজনা করাতে তিনি মনে করিলেন বে, বখন ই হারা এড জাগ্রহের সহিত বলিতেছেন তখন ইহার প্রতিবিধান করা কর্ত্তব্য। ইহার কিছু পূর্ব্বে কতকগুলি বিখ্যাত ব্রাহ্ম কলি-কাতা ব্রাহ্মসমাজ পরিত্যাপ করিয়া বহুবাজারে একটা ব্রহ্মো-পাসনালয় সংস্থাপন করেন। তাঁহারা সংস্কৃত উপাসনা পদ্ধতি পরিত্যাগ করিয়া বান্ধালায় দৃতন উপাসনা পদ্ধতি মতে উপা-সনা कतिए नानितन। देँ दाता बाक्षममाख जातित এर भक्ल कांत्रण श्रमर्भन कतिशाहित्तन त्य, रमत्त् वाक् वाक्र-সমাজের যে কোন কার্য্য করেন, তাহাতে কাহার মত গ্রহণ করেন না। তিনি কাহারও মত না লইয়া আপনা আপনি উচ্চ পদ গ্রহণ করেন, সমাজকে সাধারণের সম্পত্তি মনে ना कविशा ज्याभनात मण्याखि ज्ञारन यरथक्क् राउदात करतन! কেহ তাঁহার অনুগত না থাকিলে তাহাকে অধার্মিক বলিয়া म्रगा करत्न । विरम्बिकः मःक्रकटक छेलामना कता व्याभारमञ् মত নয়, এজন্য পৃথক্ সমাজ করিয়াছি। দেবেল বাবু মনে করিলেন যে, কেশব বাবুর প্রতি বিরক্ত হইরাই ব্রাহ্মগণ ব্রাহ্মসমাজ পরিত্যার করিতেছেন। এইরপে পরস্পরের মনে সংশয় উপস্থিত হইতে লাগিল। পুর্বে বেরূপ অন্তরে বাহিরে সরল ভাবে আলাপ হইত, এখন তাহার কিছু বিপর্যায় ঘটিল । অবুধাবন পূর্ব্বক দেখিলে স্পাই প্রতীতি হইবে যে, কএকজন ব্রান্ধের স্বার্থপরতা হইতেই ব্রাহ্মসমাজে বিবাদ বিসম্বাদ উপস্থিত হয়। গ্রাহ্মণণ যদি আত্মার সদৃগতির জনা—পরি-जार्भं करा बाक्षप्रमास्क श्रांतम करतन, जारा रहेरन मर्झ মতভেদেও বিবাদ হইতে পারে না।

গোপনে গোপনে এইরপ আলোচনা হইতেছে, ইহার মধ্যে ২০এ আধিনের প্রবল বাত্যা আসিয়া উপস্থিত হইল ৷ কলিকাতা নগরে মহাপ্রলয় বটিল। প্রকাশ্য পথে বর্ষাকালের নদী প্রবাহিত হইতে লাগিল। পথের উভয় পার্বে গৃহ সকল ভন্ন হইতেছে, আহত ব্যক্তিদিগের ক্রন্দন ধানিতে চতুর্নিক প্রতিধানিত হইতেছে। কার সাধ্য গৃহ হইতে বহির্গত হইতে পারে 
ে সে দিবস বুধবার, এ জন্য যতই বেলা অবসান হইতে লাগিল, ততই সমাজে ঘাইবার জন্য মনের ব্যস্ততা বৃদ্ধি হইল। ক্রমে সায়ংকাল উপস্থিত হইলে আর থাকিতে পারিলাম না। বন্ধু বান্ধব সকলেই বারস্বার নিবেধ করিতে লাগিলেন, কিন্তু সমাজে বাইবার জন্য মন এত ব্যাকুল হইল ছে আর কালবিলম্ব না করিয়া ব্রাহ্মসমাজে গমন করিলাম। সমস্ত পথে প্রায় সম্ভরণ দিয়া যাইতে হইয়াছিল। সমাজে উপস্থিত হইয়া দেখি যে, আর কেইই উপস্থিত হন নাই। আমি নিয়মিভরূপে উপাসনা করিয়া গৃহে প্রত্যাগমন করি-তেছি, পথিমধ্যে কেশব বাবুর সহিত দেখা হইল—তিনিও ব্রাক্ষসমাজে গমন করিতেছেন। পুনর্কার তাঁহার সহিত ব্রাক্ষসমাজে গমন করিলাম। সে দিন ব্রাক্ষসমাজের গল্পীর-ভাবে পরলোকের গভীরতা উপলব্ধ হইয়াছিল। পরে চুই জনেই প্রহে চলিয়া জাসিলাম। এই বাত্যাতে ব্রাহ্মসমাজ গৃহতী ভপ্নপ্রায় হয়, এ জন্য সেথানে আর উপাসনা না হইরা যত দিন সমাজ গৃহ পুন: সংস্কৃত না হইবে ততদিন দেবেক্স

বাবুর বাটীডে উপাসনা কার্য হইবে, এইরূপ বিজ্ঞাপন প্রদান করা হইল। বাত্যার দিনের পর বুধবার অপরাক্তে দেবেন্দ্র বাবু আমাকে বলিলেন যে, অন্নদা বাবু পীড়িত আছেন আসিতে পারিবেন না, অতএব তুমি ও পাকড়াশী মহাশয় অদ্য বেদীর কার্য্য কর। এই মর্ম্মে কেশব বাবকেও এক ধানি পত্র লিখিলেন। কেশৰ বাবু উত্তর দিলেন যে, ব্রাহ্মসমাজের পবিত্র বেদীকে পৌতলিকভার চিহ্ন দারা আর অপবিত্র করা উচিত নহে। আমি দেখিলাম যে, দেবেক্স বাবু কতকগুলি পৌতুলিক ব্রান্দের পরামর্শে পুনর্কার উপবীতধারী ব্রাহ্মকে উপাচার্য্য করিয়া ব্রাহ্মসমাজের পবিত্রতা নষ্ট করিতেছেন। স্মৃতরাং আমি ব্রাহ্মসমাজে গমন না করিয়া একটা বন্ধুর বাটীতে উপা-সনা করিলাম। কারণ আমি ব্রাহ্মসমাজে উপস্থিত হইবার পূর্ব্বেই দেবেক্স বাবু পাকড়াশী মহাশরহারা উপাসনা আরস্ত করিয়া দিয়াছিলেন।

ব্রাহ্মসমাজের এই সকল কার্য্য দেখিয়া কেশব বাবু ব্রাহ্মসমাজের সম্পাদকের কার্য্য পরিত্যাগ করিলেন। এই সময়ে
কলিকাতা ব্রাহ্মসমাজের সহিত্য সম্পূর্ণরূপে বিচ্ছিল্ল হইয়া,
কেশব বাবু পৃথক্রপে প্রচার বিভাগ সংস্থাপন করিলেন।
এই সময়েই ব্রাহ্মসমাজে চুইটা দল হইল এবং পরস্পরের
মধ্যে হিংসা বিষেষ প্রবেশ করিল; বিষেষের কি আভিন্য শক্তি। চুই দিবস পূর্ব্বে যাহাঁকে প্রাণের বন্ধু বলিয়া আলিজন
করিয়াছি, তিনিই এখন প্রধান শক্তর নার ব্যবহার করিতে প্রবৃত্ত হইলেন। সংসারের অর্থ সম্পত্তি লইয়া বিবাদ হর, এখানে তাহা নহে, শুদ্ধ মতভেদই বিবাদের মূল। এক মতভেদে এতদূর বিবাদ হইতে পারে, তাহা স্বপ্নেও চিন্তা করি নাই। সতভেদের মধ্যে স্বার্থপরতা না থাকিলে বোধ হয় এত অমঙ্গল হইত না।

ধাঁহারা কলিকাতা ব্রাহ্মসমাজকে অসত্যের প্রপ্রর দিতে দেখিয়া তাহা পরিত্যাগ করিলেন, তাঁহারা মনে করিলেন যে যাহাতে চভূদিকে ব্রাহ্মধর্মের পবিত্র সভ্য প্রচার হইতে পারে, প্রাণপণে তাহারই চেষ্টা করা কর্ত্তব্য। ভিন্ন ভিন্ন স্থানের ব্রাহ্মসমাজে গমন করিয়া দেখিলাম, অধিকাংশ সমাজে ব্রাহ্মগণ কেবল সপ্তাহান্তে উপাসনা করেন, প্রতিদিন উপাসনা করেন না, এবং পৌন্তলিকতার সহিত তাঁহাদের সম্পূর্ণ যোগ। এমন কি আমি উপবীতত্যাগী বলিয়া অনেক স্থানের ব্রাহ্মগণ আমাকে বাসায় স্থান দিতে কুন্তিত হইতেন। কেহ কেহ বাসায় স্থান দিয়া সমাজচ্যত হইলেন। ব্ৰাহ্মগণ ধাহাতে প্রতিদিন উপাসনা করেন এবং পৌতলিকতাকে সম্পূর্ণ রূপে পরিত্যাগ করেন, সকল স্থানে এই বিষয়েরই আলোচনা করিতার। কিন্তু সকল স্থানে বিশেষ ফল লক্ষিত হইল না। ঢাকাতে ক্তকগুলি ব্রাহ্ম প্রকাশ্যরূপে পৌত্তলিকতা পরিত্যাগ করিয়া এক্ষাত্র ঈশবের শরণাপর হইলেন। তাঁহাদিগকে নির্বাতন ক্রিবার জন্য ঢাকার হিন্দুগণ হিন্দুধর্মরিফিণী সভা সংস্থাপন করিয়া বিশেষ উৎপীতন আরত করিলেন। আবার কতিপর

অধিক বন্ধ বান্ধ পৌত্তিকিকতা ত্যাগ করিতে অসমর্থ হইয়া দীয় মত সমর্থনে চেষ্টা করিতে লাগিলেন। পৌতলিকতাত্যাণী বান্ধণণ একটা সম্বত সভা সংস্থাপন করিয়া বিশেষ 
কপে ধর্মালোচনায় প্রবত্ত হইলেন। এই সময়ে পূর্বে বাঙ্গলায় 
বিশেষ আন্দোলন। সম্বতম্ব বান্ধদিগের দিন দিনই ধর্মোন্নতি 
হইতে লাগিল। তাঁহাদের মধ্যে কয়েক ভক্তের স্বর্গায় প্রেম 
ভক্তি সকলেরই অনুকরণীয়। তাঁহাদের ভক্তি প্রেমে আমার 
পাষাণ ছাদর বিগলিত হইয়াছিল, তজ্জন্য আমি চিরদিন 
তাঁহাদের নিকট কৃতজ্ঞ থাকিব।

বরিশাল ব্রাহ্মসমাজের ব্রাহ্মদিগের মধ্যে অনেকে পৌতলিকতার সংশ্রব পরিত্যাগ করেন। কিন্তু ঢাকার ব্রাহ্মগণ
ষেরপ ঈরর লাভের জন্য পৌত্তলিকতার সংশ্রব পরিত্যাগ
করিয়া ভক্তি প্রেমে বিগলিত হইরাছিলেন, বরিশালের
ব্রাহ্মভাতাদিগের সেরপ ভাব লক্ষিত হইল না। তাঁহারা কর্ত্তযের অন্থরোধে সভ্যতা বৃদ্ধির জন্য পৌত্তলিকতা ত্যাগ
করিয়াছিলেন, তাঁহাদের মধ্যে অনেকেই প্রতিদিন রক্ষোশাসনা করিয়া কৃতার্থ হইতেন না। কেহু কেহু আমোদে
পড়িরা সভ্যতা প্রোতে ভাসমান হইয়াছিলেন। যাঁহাদিগের
মন ঈর্মর প্রেমে বিগলিত হইয়াছিল, তাঁহারা ভক্তি পূর্বক
প্রতিদিন পরব্রহ্মের পূজা করিয়া হুদয় মন পবিত্র করিতেন।
বাঁহারা আমোদে পড়িরা বোগ দিয়াছিলেন, তাঁহারা অধিক,
দিন ছির থাকিতে না পারিয়া ব্রাহ্মসমাজ পরিত্রাগ করিলেন।

रि रतिभाग এक किन शूर्व राज्ञानात आकर्न इरेग्नाहिन, এখন সেই বরিশালে ধর্ম ভাবের অবনতি ও রাহ্মসমাজের (बाहनीय अवदा रहिया ना काविया शका यात्र ना। शतिखा- वार्थी हरेशा धर्म भएक खजमत ना हरेल निक्त है भछन হয় সলেহ নাই। মনুষ্য ধর্মের আশ্রয় গ্রহণ না করিয়াও সভ্যতার আলোকে উজ্জ্বল হইতে পারে, কিন্তু সে সভ্যতা দারা হৃদয় পবিত্র হয় না। যদারা হৃদয় মন পবিত্র হয়, প্রশক্ত হয়, জনসমাজের পাপতাপ দুরীভূত হইয়া প্রকৃত উন্নতি সংসাধিত হয় তাহাই প্রকৃত সভ্যতা। কোন দেশ বিশেষের আচরণকে সভ্যতা -বলিয়া গণ্য করা যায় না। কারণ মন্বব্যের ফুচির ভিন্নতা প্রযুক্ত ভিন্ন ভিন্ন দেশে সভ্যতার শক্ষণও ভিন্ন ভিন্ন। ব্রাহ্মগণ কেবল ঈশর লাভের জন্মই ব্যাকুল থাকিবেন, যাহা ঈখর লাভে অনুকৃল তাহাই ভাঁহা-দিনের একমাত্র কার্য্য, ঘাহা ঈশ্বর লাভে প্রতিকৃত্র ভাহা তাঁহারা বিষবৎ পরিত্যাগ করিবেন। পৌতলিকতা ও পৌত্ত-নিকতার কোন প্রকার সংশ্রব ঈশ্বর লাভে প্রতিকৃল, এই জন্মই ব্ৰাহ্মণ্যপ অভির হইয়া পৌতলিকতার সংশ্রব হইতে पृद्ध गरिका प्रदागरप्रत अञ्च भए जालव करतन। ज्यामि পুনঃ পুনঃ বলিতেছি পরিত্রাণার্থী হইয়া বাদ্ধসমাজে প্রবেদ না করিলে কেইই চিবদিন খির ভাবে ব্রাহ্মসমাজে থাকিতে পাৰিবে না, ব্ৰাহ্মসমাজ পরিত্যাথ পূর্বক কেহ পৌতদিক (क्ट नाश्चिक इटेरवन, जाशास्त्र किंहूबां**व मरमर नार्टे**।

বরিশালে প্রথমে স্ত্রীলোকদিগের স্বাধীনতা লাভের স্ত্র-পাত দেখিয়া আনন্দ লাভ করিয়াছি। যে সকল ভগী স্বাধীনতা লাভ করিতে অগ্রসর হইয়াছিলেন, প্রথম হইতেই তাঁহা-**पिश्रांक वित्रा आंत्रिएडिइ (य. ७** भीत्र । जेश्रदात अधीन হওয়া—ধর্মের অধীন হওয়াই প্রকৃত স্বাধীনতা। ঈশবের অধীন হইয়া তাঁহার আদেশ পালনে দৃঢ় প্রতিজ্ঞ হও। জাঁহার আদেশ পালন করিতে গিয়া যদি পিতা, মাতা, সামী, পুত্র কন্তা হইতে বিচ্ছিন্ন হইতে হয়, শরীর পর্যান্ত বলি-দান দিতে হয় তাহাতেও পরাঙ্মুথ হইও না। সমাজ ভবে সত্যপালনে বিরুত গাকাই প্রকৃত অধীনতা। আন্তরিক রিপুদিগকে বশীভূত করিয়া পবিত্র থাকাই যথার্থ স্বাধীনতা। রিপুদিবের অধীন হইয়া পাপের দাস হওয়াই প্রকৃত পরাধী-নতা। পুরুষের সহিত প্রকাশ্তরপে আলাপ ক্রা, প্রকাশ্ত পথে পদত্রজে অথবা অনাবৃত যানে বিচরণ করা, পুরুষদিগের সভায় উপস্থিত ইইয়া সাধীনতা প্রদর্শন করা ইহার একটাকেও স্বাধীনতার লক্ষণ বলিয়া বোধ হয় না। কারণ আমাদের দেশের নীচত্রেণীর স্তীলোকগণ সর্বতে বিচরণ করে, সর্বাদা পুরুষ মণ্ডলীতে অবস্থিতি করে, তজ্জন্য তাহাদিগকে সাধীন বলা বায় না। তাহারা সম্পূর্ণরূপে রিপুর অধীন, অথচ প্রচলিত দেশাচারকে অসত্য জানিয়া তাহা পরিত্যাগ করিতে পারে না। বরিশালের ভগ্নীগণ এই সকল কথা শ্রদ্ধা পূর্বক প্রহণ করিতেন। তাঁহাদেরই চুই এক জনের সৎসাহদে তাঁহাদের স্বস্ব সামী ধর্মপথে অবিচলিত আছেন। প্রকৃত স্বাধীনতার সহিত উন্নতির পথে অগ্রসর না হইয়া, সভ্য-তার গর্কে আপনাকে উন্নত বলিয়া বিশাস করিলে মন অহস্ত হয়, ধর্মোন্নতির দার অবরুদ্ধ হয়। ইহা স্থরণ दािशा मकलाउरे मारशान थाका कर्छदा। शूर्व राञ्चालाव ব্রাহ্মণণ যতই ব্রাহ্মধর্মে দিন দিন অগ্রসর হইতে লাগিলেন, হিন্দু সমাজ ততই তাঁহাদিগের প্রতি অত্যাচার আরক্ষ করিলেন। অনেক ব্রাহ্ম পরিবার হইতে বিচ্যুত হইয়া পড়িলেন। আবার অনেক গুলি হুর্বল ব্রাহ্ম অত্যাচার সহ করিতে না পারিয়া হিন্দুসমাজের শাসনাত্রসারে মস্তক মুগুন করিয়া প্রায়শ্চিত্ত করিলেন। তাঁহাদের মধ্যে অনেকে পৌত-লিকতা পরিত্যাগ অন্তায় বলিয়া আপনাপন আন্তরিক স্বার্থ-পরতা প্রকাশ করিতে লাগিলেন। সেই সকল চুর্বল ভাতার জম্ম নির্জ্জনে কত অশ্রুপাত করিয়াছি, তাহা সেই অন্ত-র্যামীই জানেন। কিন্তু ওঁছোরা গালি দিয়া পদাবাত করিতে किष्टमाञ क्रिके करवन नारे। याँशाता भूटर्स आमात नाम ভুনিয়া কত আনৰ প্ৰকাশ করিতেন, এখন সেই সকল ক্রমবন্ধু ব্রাহ্মধর্ম্ম পরিত্যাগ করিয়া কঠোররূপে নির্বাতন করিতে লাগিলেন। আমার জীবনের পরীক্ষায় দেখিয়াছি যে সকল ব্যক্তি ব্রাহ্মধর্ম পরিত্যাগ করিয়া পৌত্তলিক, কি, नास्टिक इटेएज मश्कन करतन, छारातारे अथरम अनातरकत ए। इ अपूर्मकान कतिया लाकित निकृषे छाँशाक अश्वर्ष করিতে বন্ধবান্ হন। ব্রাহ্মধর্মের প্রচারক হইলে দেবতা হওয়া বায় না, সকল মনুষ্টের জ্লয় যেমন লোব গুণে সমাধিত, প্রচারকের জ্লয়ও তদ্রপ। এমন অনেক ব্রাহ্ম আছেন বাঁহারা প্রচারক অপেক্ষা অনেক পরিমাণে ধর্মাভাবে সম্মত। বাঁহারা প্রচারককে দোবশৃত্য বলিয়া বিশ্বাস করেন তাঁহারা নিতান্ত ভান্ত সন্দেহ নাই! ব্রাহ্মধর্ম ত্যাগের সময় প্রচারকের প্রতি ভয়ানক বিদ্বেষ হয় কেন ? প্রচারক সর্কান্ট সরলভাবে সত্য পালন করিতে বিশেষরূপে আগ্রহ প্রকাশ করেন, তাহাতে ত্র্কল ভ্লয় বান্তবিকই আঘাত প্রাপ্ত হয় ও ব্যথিত হয়। তাহারই পরিশোধ লইবার জন্ম তাঁহারা সর্কাদাই সচেত্র থাকেন। এ সম্বন্ধে বিশেষ ঘটনা উল্লেখ করিলে একখানি পৃথক পৃত্তক লিখিতে হয়, এজন্ম এ বিষয়ে অধিক আলোচনার প্রয়োজন নাই।

এন্থলে ইহা উল্লেখ করা নিতান্ত আবশ্যক বে, প্রচার বিভাগ পৃথকরপে সংস্থাপিত হইলে, কতিপয় রাক্ষ ভাতা বিষয় কর্মের প্রলোভন পরিত্যাগ করিয়া, সাংসারিক স্থব চুংখের মন্তকে পদাঘাত করিয়া, অভয়দাতা ঈশ্বরের চরণে সম্পূর্ণ শরণাপন্ন হইয়া প্রচারকের অনন্তরত গ্রহণ করিলেন। বে ব্রত অবলম্বন করিলে প্রাণান্তেও আর পরিত্যাগ করা যায় না, এই দেবপ্রকৃতি মহাত্মাগণ সেই প্রচারকের ব্রত গ্রহণ করিয়া চতুর্দিকে ব্রহ্মনাম ঘোষণা করিতে লাগিলেন। তাঁহাদের যতে ভারতবর্ষের প্রায় সর্ব্বতেই ব্রাক্ষধর্ম প্রচারিত হইন।

তাঁহাদিগের পবিত্র জীবনের দৃষ্টান্তে ব্রাহ্মদিগের বিশেষ উপকার হইতে লাগিল। তখন তাঁহাদের প্রেমপূর্ণ মুখনী, স্বর্গীয় উৎসাহ, সাধারণ মনুষ্যের প্রতি আন্তরিক দয়া, পরস্পরের মধ্যে অকৃত্রিম নিংমার্থ ভাতপ্রণয়, উপাসনার প্রগাঢ়ভাব এসকল দর্শন করিয়া নিতাম্ভ পাষাণ হৃদয়ও বিগলিত হইয়াছিল। এই সময়ের কিছুকাল পরেই ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠিত হইল। ভারতবর্ষের সকল প্রদেশের ব্রাহ্ম ইহাতে স্বাক্ষর করিয়া मछा इहेरलन। कलिकाञा नगरत এकটी উপাদনা मिलत প্রতিষ্ঠিত করিবার জন্য যত্ন হাইতে লাগিল। এখন প্রচারকগণ সাংসারিক চুঃখকে বিশেষরূপে বহন করিতে প্রস্তুত হইলেন। একে সমস্ত দিন অনাহারে থাকিয়া ক্ষুধানলে দগ্ন, ডাহার উপর আবার পরিবারদিগের ভংসনা, প্রচারকগণ ব্রতপালন জন্য সকল প্রকার কষ্টই বহন করিতে প্রস্তুত ছিলেন। কিন্তু তাঁহা-দের পরিবারবর্গ কষ্ট সহু করিতে কিছুমাত্র প্রস্তুত ছিলেন না, वद्गः जाँशामिशतक व्यनाग्रिक्ता कष्ठे एम छत्रा स्टेराज्य, व बना গুবেলা অভিসম্পাত করিতেন। পরিবারদিগের এই ভয়ানক গঞ্জনাই প্রচারকদিগের বৈরাগ্য শিক্ষার ও সহিষ্ণুতা অভ্যাসের वित्नव अवनयन हिन। এই সময়ে छाँशांनिश्तत अन्याना কার্য্যের মধ্যে ধর্মভন্ত, ইণ্ডিয়ান মিরার লেখা এবং কলিকাতা কালেন্তে শিক্ষকতার কার্য্য ছিল। প্রকাশ্যে একত্র উপাসনার জন্য নিৰ্দিষ্ট স্থান ছিল না। কেবল ত্ৰাহ্মিকা সমাজের কাৰ্য্য স্থান বিশেষে নিয়মিউরপে নির্বাহিত হইত। তখন ব্রান্সের

ন্ত্রী হইলেই ব্যাকরণ অনুসারে ব্রাদ্ধিকা নাম প্রাপ্ত হইণ্ডেন, নতুবা হই চারি জন ভিন্ন অধিকাংশ ব্রাদ্ধিকাই পৌতলিক ধর্ম্বে আছাৰিতা ছিলেন—কেবল স্ব স্বামীর অনুরোধে ব্রাদ্ধিকা সমাজে উপস্থিত হইতেন।

**এই সমরে ত্রাহ্ম ধর্মাত্র** দারে অনুষ্ঠান লইয়া বিশেষ আন্দো-लन रहेर्ड लाभिल। विथवा निवार, अमवर्ग विवार, जाठकर्म, লাগিল, ততই ব্রাহ্মদিগের মধ্যে খোর আন্দোলন উপস্থিত হইল। চুর্বল ব্রাহ্মগণ কলিকাতা ব্রাহ্মসমাজের আত্রয় গ্রহণ করিলেন। ইহার মধ্যে কেশব বাবু "যিশুখুন্ত ইয়োরোপ ও আসিমা," এবং "গ্রেট্ম্যান" এই হুইটা বিষয়ে বক্ততা করিলেন। **এই বক্তৃতাহ্বরে গৃঢ় ভাব হৃদরক্ষম করিতে অসমর্থ হই**রা কলিকাতা ব্রাহ্মসমাজের ব্রাহ্মগণ কেশব বাবুকে খৃষ্টান বলিয়া গালি দিতে লাগিলেন। তাঁহাদের অসভাব এতদুর প্রবল হইয়া উঠিল বে তাঁহারা মিথ্যা কথা বলিতে কিছুমাত্র কুটিত না হইয়া কেশব বাবু শ্বষ্টানু হইয়াছেন বলিয়া ঘোষণা করিতে প্রবৃত্ত হইলেন। কুজ্বাটিকা ষেমন ক্র্যোর আলোক আবরণ করিতে পারে না, তদ্রপ অসত্য সত্যকে আবরণ করিতে क्थनहे नमर्थ दम्र ना। छाँदाना यछ्टे मिथा (क्टेश क्तिलन, লোকে ডতই তাঁহাদের হুরভিসন্ধি বুর্ঝিতে পারিয়া তাঁহাদিগকে ষ্মবজ্ঞা করিল। মনুষ্য বিদ্বেব পরবৃধা হইলে কোন ভুক্মই তাহার অকৃত থাকে না। ধর্ম লইছা পরস্পর বেমন অকৃত্রিম

প্ৰণয় হইয়া থাকে, ধৰ্মের নামে তাহা অপেকা সহল ওণে বিছেবের উৎপত্তি হয়। হিরণাকশিপু প্রক্রণাম্বে পিতা হইয়া পুত্রের প্রতি যে সকল চুর্ক্যবহার করিয়াছেন, ভাহাকে না অবগত আছেন ? বোমান কাথলিক স্বস্তানেরা প্রটেষ্টা টদিগের প্রতি ষেত্রপ রোমহর্ষণ অত্যাচার করিয়াছিলেন তাহা শুনিতে লংকম্প হয়। যদি ইংবাজ রাজ্যের প্রবল শাসন না থাকিত, ভবে কলিকাতা ব্রাহ্মসমাজের ব্রাহ্মগণ কেবল গালি দিয়া বে নিরম্ভ হইতেন এরপ বোধ হয় না। বাহাছউক ব্রাহ্মসমাজের এই দুশ্য অত্যন্ত শোচনীয়। এই দুশ্য দর্শন করিয়া কে বলিতে পারে, ব্রাহ্মসমাজ শান্তি নিকেতন, এবং ব্রাহ্মধর্ম্মের ছারা সমস্ত নরনারী এক পরিবার হইবে ? বাস্তবিক শাহা ব্রাহ্মসমাজ তাহা শাজিনিকেতন এবং ব্রাক্ষধর্ম ছারা নিশ্চরই সমস্ত নরনারী এক পরিবার হইবে ৷ কিন্তু কৃত্রিম ত্রাহ্মধর্ম কপট ক্রাহ্মধর্ম দারা সে আশা কখনই পরিপূর্ণ হইবে না, তাহাতে কিছুমাত্র जिल्हा नारे।

এই সমন্ত্রে কিছু দিনের জনা শান্তিপুরে গমন করিলাম।
রাহ্মসমাজের গোলবোপে আমার মন ভক হইয়া গিয়াছিল,
অন্তরে সহিস্থতা ছিল লা, সভাব ছিল লা, হুলর জিগীবাপরবশ
হইয়া সর্ক্রিনাই উত্ত্যক্ত থাকিত। দীর্ঘকাল উপাসনা করিতে
মক্ষম হইজাম লা। এই সকল কারণে অলান্তিতে হুলর দয়
হইজে লানিল। বস্তর কালে শান্তিপুরের গমার চড়ার শোড়া
অত্যক্ত হুলয়প্রাহিনী। রক্ষতমন্ত্র বালুকারাশির উপর চল্লমার

ভদ্ৰ জ্যোতি: নিপতিত হইলে কি আশ্চৰ্য্য শোভা হয় তাহা না দেখিলে অনুভব করা যায় না। উপরে ঐ অপূর্ব্ব শোভা नीरह आवाद निर्मालमाला भन्ना नहीं धीतरवर्श मृह मृह करलाल ধ্বনিতে প্রবাহিত হইতেছে। সেই নির্মাল তরক্সমালায় চক্রমা শত খণ্ডে বিভক্ত হইয়া নৃত্য করিতেছে। মধ্যে মধ্যে জলচর পক্ষীগণের মধুর সঙ্গীতে সন্তাপিত হুদয় শীতল না হইয়া থাকিতে পারে না। মস্তকের উপরে নীলনভস্তলে তারকাবেষ্টিত পূর্ণচন্দ্রের মনোহারিণী শোভা। আমি প্রতিদিন শোভা সম্ভোগ করিতে পিয়া নির্জ্জনে চিন্তা করিতাম, ধে, হায় ! দয়াময় ঈশ্বর যে হল্তে এই সমস্ত শোভার ভাণ্ডার প্রকৃতি পুঞ্জকে স্জন क्रियाहिन, এই नवाधमरक्छ रमटे ट्रा एकन क्रियाहिन, স্ষ্টি কাল অবধি প্রকৃতির শোভা একই ভাবে অবস্থিতি করি-তেছে, কিন্তু আমার হৃদরের শোভা কে হরণ করিল ? দিন দিন ষ্ডই এই শোভা দেখিতে লাগিলাম, ততই হুদ্য ব্যাকুল হইতে লাগিল, প্রাণ অন্থির হইল আর কিছুই ভাল লাগে না। এই অসহ তৃঃবের সময় শান্তিপুর নিবাসী ভগবদভক্ত ৺ হরিমোহন প্রামাণিক মহাশয়কে আমার তুর্দশার কথা বলি। তিনি দয়া করিয়া আমাকে "চৈতন্য চরিভায়ত" পাঠ করিতে অনুরোধ করেন। হরি বাবু পরম বৈষ্ণব ছিলেন, তিনি শান্তি-পুরে জুড়া খামে দিতেন না। এমন নিষ্ঠাবান বৈক্ষ হইলেও তাঁচার সাম্প্রদায়িক ভাব ছিল না। তিনি বলিতেন, সক্তিদা-নল বিগ্রহ প্রীকৃষ্ণ, প্রীমতী রাধিকা মহাভাব, অভএব

প্রভূ! আমিও বন্ধজানী। এইরূপ মধুর কোমল বাক্যে তিনি আমার দক্ষ জ্পত্রে প্রেমবারি সিঞ্চনে আমাকে সুশীতক করিতেন। ভক্তিভাজন মহাত্মা হরিমোহন প্রামানিক আমার ধর্ম জীবনে একজন ওজ। আমি তাঁহাকে প্রণাম করি। চৈতন্য চরিতামত নামক বৈষ্ণবদিনের ধর্মগ্রন্থ আমার হস্ত-গত হইল। এই পুস্তক খানি প্রথমে কিছু কঠোর বোধ হই-রাছিল, পরে যতই পাঠ করিয়া অভ্যন্তরে প্রবেশ করিতে লাগিলাম, ততই অমৃত খনি আবিষ্কৃত হইতে লাগিল। মহাত্মা চৈতন্যের বিনয় ভিক্তি, অনুরাগ, ব্যাকুলতা, ঈশ্বর দর্শন ও সস্তোগ এবং উন্নতাত্মা পাঠ করিয়া ধর্ম সম্বন্ধে আমার জীবনের সম্পূর্ণ হীনতা অনুভব করিলাম। আহা। এছলে মহাস্থা চৈতন্যকে গুরু বলিয়া ভক্তি না করিয়া থাকিতে পারি না। তাঁহার জীবনী পাঠ করিয়া আমার অহস্কার চূর্ণ হইল, ঈশ্বর দর্শন ও সাধনের মর্মা জ্বয়ন্তম করিয়া কৃতার্থ হইলাম। "জীবে দয়া নামে ভক্তি" ইহার তত্ত্ব হৃদয়ে প্রবেশ করিল। वाहित्वत्र धर्माञ्छान रव, भत्रत्नात्कत्र मचन नत्र, त्कवन मग्ना-ময়ের অভয় চরণই সমল, তাহা ম্পষ্ট প্রতীত হইল। তথন अनरनीय अञ्चारण श्रमत्र पद्म रहेर्ड नाशिन। हात्र । आभि এতদিন कि कतिनाम ! कीवरनंत अकरिनं भारत कति नारे, আমার গতি কি হইবে ৷ এইরপ যন্ত্রণা ভোগ করিয়া সাধন করিবার জন্য অভ্যন্ত ব্যক্ত ইইলাম। কিন্তু কিরপে, সাধন করিতে হর, তাহা জানি না, কেবল প্রেমভক্তি লাভের জন্য

প্রার্থনা করিতাম। এই সময় বন্ধুবর নীলকমল দেব মহাশ্যকে সঙ্গে लहेशा नवदीरं अभन कति। नवदीरं भिक्त रेड जना नाम বাবাজীর নিকট উপস্থিত হইয়া কিরূপে ভক্তি হয় জিজাসা করি। "ভক্তি" এই কথা আমার দ্র মুণ হইতে বাহির হওয়াতে চৈতন্যদাস বাবাজীর এতদূর প্রেমোচ্ছাস হইল যে তাঁহার শরীর রোমাঞ্চিত এমন কি মস্তকের টিকি পর্যান্ত উচ্চ হইয়া উঠিল। তিনি দয়া করিয়া উপদেশ বিলেন ধে. "যদি প্রেমভক্তি লাভ করিতে চাও, তবে দীন হীন অকিপন হও। অন্তরে একবিশু অহস্কার থাকিলেও ভক্তিলাভ হইবে না। জলম্রোত বেমন উর্দ্ধগামী হয় না, ভক্তিও তদ্রূপ মহ-স্কৃত মনে উদিত হয় না।" সেই প্রেমিক মহাত্রত চৈতন্য দাসের উপদেশ শিরোধার্য্য করিলাম। মনে বড় ভয় হইতে লাগিল। কারণ আমার সভাব অত্যন্ত উদ্ধত, অসহিঞ্-বলিতে কি আমার ন্যায় ক্রোধী লোক জগতে অল্লই আছে। এই পর্বত চূর্ণ করিয়া ভূমিসাং করা সহজ কথা নহে। তবে বোধ হয় আমার ভাগ্যে ভক্তির উদয় হইবে না, এই চিস্তায় সর্ব্বদা বিষয় থাকিতাম। ইহার মধ্যে চরিতামৃত গ্রন্থে এই কবিতাটী পাঠ কবিলাম যথা :--

"ন ধনং ন জনং ন স্থানরীং কবিতাং জগদীশ ন কাময়ে।

মম জন্মনি জন্মনীপরে ভবতাং ভক্তিরহৈতুকী ত্বয়ি॥"

হে জগদীপর! আমিধনজন স্থানরী কবিতা এসকল কিছুই পার্থনা
করি না। জন্ম জন্ম তোমার প্রতি আমার অহৈতুকী ভক্তি হউক।

এস্থলে অহৈতুকী ভক্তির কথা শ্রবণ করিয়া মনে করিলাম কোন প্রকার হেতু হইতে যাহার উংপত্তি হয় না, অর্থাং যাহার উৎপত্তিতে আপনার কোন প্রকার সাধুকার্য্য কিছুমাত্র সাহায্য করে না ভাহাকেই অহৈতুকী ভক্তি বলে। দয়াময় ঈশর কুপা করিয়া এই ভক্তি প্রদান করেন। আমি ভক্তির জন্য একান্ত ব্যাকুল হইয়া প্রার্থনা করিলে দয়াময় পিতা কখনই নিরাশ করিবেন না। প্রেম ভক্তিহীন ধর্মসাধনহীন ধর্ম বাস্ত-বিক ধর্ম নহে। বাহিরের কতকশুলি অনুষ্ঠান দ্বারা ভূদয় পরিবর্ত্তিত হয় না, স্বতরাং বাঁহারা কোন বাহিরের অনুষ্ঠানকে প্রধান মনে করেন, তাঁহারা ধর্ম্মরাজ্যে প্রতারিত সন্দেহ নাই। কারণ আমি জীবনের পরীক্ষাতে দেখিয়াছি, কেবল বাহিরের অনুষ্ঠানকে ধর্ম মনে করিলে অহম্বারের উৎপত্তি হয়। ক্রদরে প্রেমভক্তি হইলে বাহিরের অনুষ্ঠানও হয়, অথচ হৃদয় বিনীত शक।

কলিকাতায় আসিয়া দেখি ভক্তিভাজন কেশব বাবু প্রচারক ভাতাদিগকে লইয়া প্রতিদিন বিশেষরূপে উপাসনা ও আলো-চনা করিতেছেন। তথন প্রতিদিন এমনই জীবস্তভাবে উপা-সনা হইত বে, কেহই তাহা ত্যাগ করিয়া শীঘ্র বাসায় আসিতে পারিতেন না। এইরূপ আলোচনা হইতে লাগিল যে, সত্যং জ্ঞানমনজ্ঞং প্রভৃতি ঈশবের স্বরূপগুলি অস্তরে প্রত্যক্ষ উপলব্ধি করিতে হইবে। সমস্ত স্বরূপগুলি অস্তরে প্রত্যক্ষ উপলব্ধি করাকেই ধ্যান কহে। এই স্বরূপ গুলি এমনি আয়ত করিতে

হইবে যে একটী স্বরূপও যেন বুথা উচ্চারিত না হয়। পূর্কে সরপের মধ্যে পবিত্রতার ভাব ছিল না। এজন্য পরে 'গুদ্ধম-পাপবিদ্ধং' এই পদটী সন্নিবেশিত হয়। উপাস্য দেবতার সমস্ত সরপ সমগ্রভাবে ধ্যান না করিলে হৃদর পূর্ণ ব্রহ্মকে লাভ कतिए अवर्थ इस ना। यिनि ए अक्राप्तत धान ना कविरतन তাঁহার জীবনে সেই বিষয়ে ক্রডী থাকিবে। তখন রুথা আলো-চনা হইত না, ধ্যান বিষয়ে বাই এইরূপ আলোচনা হইয়াছে অমনি সকলে নির্জ্জনে ধ্যান করিতে লাগিলেন। কেহ কেহ সমস্ত দিন উপবাসী থাকিয়া ধ্যান ধারণা করিতেন। এইরপ উপাসনার যে সকল অঙ্গ আছে, প্রত্যেক অঙ্গের প্রত্যেক শব্দকে সাধন করিতে বিশেষরূপে চেষ্টা হইতে লাগিল। উপাসনার অঙ্গুণ্ডলি এতদূর সাধিত হইল ষে, সমস্ত দিন অনা-হারে উপাসনা করিলেও কিছুমাত্র কষ্ট বোধ হইত না। উপাসনা যেমন মধুর হইতে লাগিল, পরস্পরের প্রতি অনুরাগও তদ্বুরপ বৃদ্ধি হইতে লাগিল। এই সময়ে আমার অগ্রজ ৮ ব্রজ্ঞাপাল গোস্থামী কলিকাতার আমার বাসার আসিয়া "কারু পরশমণি" এই সংকীর্ত্তন করেন, শুনিয়া ব্রাহ্মসমাজে সংকী-র্ত্তন করিতে বড় সাধ হইল, ভক্তিভাজন কেশব বাবুকে মনের ভাব জানাইলাম। কেশব বাবু থোল বাজাইয়া কীর্ত্তন করিছে অমুরোধ করিলেন। ক্রমে খোল আসিল, সমীর্ত্তনের স্বরে সঙ্গীত প্রস্তুত হইল। কিছুদিন কীর্ত্তন করিতে করিতে অনেকে অহৈতৃকী ভক্তি যোগে বিগলিত হইলেন।

এই সময়ে ব্রাহ্মসমাজের এক কল্যাণকর মুগান্তর উপছিত হইল। ১৭৮৯ শকের ৯ই অগ্রহায়ণ প্রথম ব্রক্ষোংসব হইল। ব্রক্ষোংসবের বর্ণনা কে করিবে ? "পৃথিবী হুর্দের
প্রায়, মহুষ্য দেবতা হয়।" সেই দিন ইহা প্রত্যক্ষ করিয়াছিলাম। অনেক সময় বোধ হইয়াছিল, যেন স্বর্গে দেবতাদিগের
সহিত সমস্বরে পরব্রহ্মের চরণ পূজা করিতেছি। সে দিন
ভক্তিভাজন দেবেক্র বাবু উপাসনায় যোগ দিয়া বিশেষরূপে
আনন্দ বর্জন করিয়াছিলেন। তাঁহার সহিত আমার জীবনের
যেরূপ সম্বন্ধ, তজ্জ্জ্য তাঁহাকে দেবিবামাত্র আমার হৃদ্য
ক্রতজ্ঞ্ভতায় পরিপূর্ণ হইয়া উঠে। এই উংসবে অনেকের
মন পরিবর্ত্তিত হইল। সমস্ত দিন একাসনে ব্রক্ষোপাসনা
করিলে কাহার হৃদ্য পরিবর্ত্তিত না হইয়া ছির থাকিতে
পারে না।

ব্রুক্ষোংসবের পর সঙ্কীর্ত্তনের বিশেষ উন্নতি হইতে লাগিল। কলিকাতায় বেমন কীর্ত্তন হইতে লাগিল, তদ্ধপ অস্তাম্ম আনের ব্রাহ্মসমাজেও কীর্ত্তন আরম্ভ হইল। পরিশেষে পূর্ক্রাঙ্গালায় ঢাকা নগরে বিশেষরূপে কীর্ত্তনের উন্নতি হইল। সঙ্গতের ব্রাহ্মনাতাগণ বিশেষ উৎসাহের সহিত কীর্ত্তন আরম্ভ করিলেন। পূর্ক্রাঙ্গালায় বিশেষতঃ বরিশালের ও ঢাকায় সভ্যাতিমানী কৃতবিদ্যান্য ব্রাহ্মগণ কীর্ত্তনকে মুণা করিতে লাগিলেন। সোমপ্রকাশ সম্পাদক কীর্ত্তন অনুমোদন করেন না, অত্থব কীর্ত্তন ভাল নহে, অনেকের মুখে এইরূপ যুক্তি

শ্রবণ করিয়াছি। আমি বিশেষ আলোচনা করিয়া দেখিয়াছি, উপাসনাতে যাঁহাদের অনুরাগ অত্যলমাত্র, তাঁহারাই কীর্ত্তনেব বিশেষ বিদেষী। ঢাকার চুই একজন প্রাচীন ব্রাহ্ম কীর্ত্তনে পেবেল্র বাবুর মত নাই বলিয়া কীর্ত্তনে অগ্রন্ধা প্রকাশ कतिशा शांकन। किन्छ वलन एत, कीर्जन धावन कतिल छुन्य বিগলিত হইয়া থাকে। এই সময়ে ভক্তিভাজন কেশব বাবু সপরিবাবে কিছুদিন মুঙ্গেরে অবস্থিতি করেন। কয়েক জন ভক্ত বৈশ্ব মুঙ্গেরে থাকিতেন, তাঁহাদের ভক্তির বলে মুঙ্গের ব্রাহ্মসমাজ বিশেষ জীবন লাভ করিল। কেশব বাবু ইহা-দের ভক্তিভাবে মৃক্ষ ও উপকৃত হন। তাঁহার মধুময় উপ-**দেশে** এবং সাধুদৃষ্টান্তে মুম্বেরে ভক্তি স্রোত প্রবাহিত হইল। ঘোর সংসারী বিষয়ীলোকও আসিয়া ব্রাহ্মসমাজে যোগ দিতে লাগিলেন। ব্রাহ্মদিগের বিনয়, ভক্তি এবং পরস্পরের মধ্যে প্রণয় ও সদভাব দেখিলে স্বর্গের অবস্থা বোধ হইত। মুঙ্গেরের জীবন্ত উপসনায় যোগ দিলে নিতান্ত পাষণ্ডের মনও বিগ-লিত হইত। অনেক পাপী তাপী মুঙ্গেরের ভক্তি শ্রোতে ধর্মজীবন লাভ করিয়াছেন। মুঙ্গেরের সেই অবস্থা দর্শন क्रिया मत्न क्रियाहिलाम, बान्नममाङ वृत्ति क्रवंधाम रहेल। মহুষ্য সন্তানকে কাতর দেখিলে দয়াময় পিতা সর্গের ধর্ম পৃথিবীতে প্রেরণ করেন। মতুষ্য আপনার দোষে তাহা চিরদিন ভোগ করিতে পারে না। চুই একজন ব্রান্ধের প্ররোচনায় মুম্বেরের ভক্তি প্রোতে কিছু পরিমাণে কুসংস্থার

প্রবেশ করিল। কেহ কেহ আমাকে স্পষ্টাক্ষরে বলেন, কেশবচন্দ্র সেন পূর্ণব্রহ্ম। পৃথিবীতে অবতীর্ণ, তজ্জ্য ভক্তির<sup>ই</sup> অপব্যবহার হইতে লাগিল। এই সময়ে কেশববাবু সিমলা পর্বতে গমন করেন। মঙ্গেরে ভক্তির সঙ্গে সঙ্গে দিন দিন অধিক পরিমাণে অসত্য মিশ্রিত হইতে লাগিল। কেহ সদ্ভাবে সরলভাবে অসত্যের প্রতিবাদ করিলে, মুঙ্গেরের ব্রাহ্মগণ তাঁহাকে নান্তিক অবিশ্বাসী পাষ্ঠ বলিয়া তিরস্কার করিতেন, স্থতরাং কেছ সাহস পূর্ব্বক প্রতিবাদ করিতে সক্ষম হইত না। কিছুদিন পরে কেশব বাবু সিমলা হইতে প্রত্যা-গমন করিলেন। তাঁহার আগমনে ভক্তিল্রোত আরও শত প্তণ বৃদ্ধি হইল। কিন্তু অসত্য তিরোহিত হইল না। স্নুতরাং আমি চুঃখিত জ্বায়ে অসত্যের প্রতিবাদ করিলাম। চতুর্দিকে মহা আন্দোলন হইল। অনেক সংবাদ পত্রের সম্পাদক এ বিষয়ে সাহায্য করিলৈন, কিন্ত তাঁহারা এই স্থাবাে ব্রাহ্মদিগের প্রতি অনেক বিদ্রূপ কটুক্তি বর্ষণ করিয়া স্ব স্ব বিদ্বেষ ভাবও চরিতার্থ করিতে লাগিলেন। যাহা হউক আমার প্রতিবাদে কেশব বাবু পর্যান্ত আখাত প্রাপ্ত হইলেন। ষে সকল বন্ধু বান্ধৰ অন্তরের সহিত আমাকে ক্লেহ করিতেন, তাঁহারাও দ্বণাপূর্বক আমাকে অবিশ্বাসী, নাস্তিক, পাষ্ড বলিয়া ছোষণা করিতে লাগিলেন। কোন কোন ব্রাক্ষভ্রাতা এতদুর ক্রোধান্ধ হইয়াছিলেন যে, আমাকে প্রহার পর্যান্ত করিতে প্রস্তুত ছিলেন। বোধ হয় আমি বে এখনও কোন

কোন ভাতার নিকট ঘূণিত এবং অবিশ্বাদের পাত্র রহিয়াছি, এই ঘটনাই তাহার মূলকারণ। কেশব বাবুর উপদেশ এবং বিশেষ চেষ্টায় যে অসত্য লইয়া বিবাদ হইতেছিল, তাহ! তিরোহিত হইল। বিশেষতঃ যে হুই জন কেশব বাবুকে অবতার মনে করিতেন, তাঁহারা কেশব বাবুকে জিজ্ঞাসা করাতে তিনি অস্বীকার করিলেন, তখন তাঁহারা কেশব বাবুকে ভণ্ড বলিয়া ত্রাহ্মসমাজ ত্যাগ করিলেন। এই কারণে বিশেষ সাবধান হইলেন। যাঁহারা অসত্য ব্যবহার করিতেন তাঁহারা व्यात कतिर्दन न। रिलग्ना প্রতিজ্ঞা করিলেন। পুনর্কার আমি বন্ধুদিগের সহিত স্থালিত হইলাম। বন্ধুদিগের প্রতি আমার কিছুমাত্র অসন্তাব ছিল না। অসত্য দূরীভূত করিবার জন্মই বিশেষ চেষ্টা ছিল। অত্যন্ত হুংখের বিষয় বলিতে হইবে মুঙ্গেরের যে হুইজন ব্রান্ধের প্ররোচনায় মুঙ্গেরের সমাজে অসত্য আসিয়াছিল, তাঁহারা এই অসত্যের তিরোধান দেখিয়া ব্রাহ্মসমাজ পরিত্যাগ করিয়া কর্তাভজা হইলেন। কিন্তু অস-ত্যের প্রতিবাদ না হইলে মুঙ্গেরের অনেক ব্রাহ্ম কর্ত্তাভজা হইতেন তাহার সন্দেহ নাই।

এই সকল গোলবোগের কিছু দিন পরে কলিকাতার ব্রহ্মমন্দির প্রতিষ্ঠিত হইল। ১৭৯১ শকের ৭ই ভাদ্র রবিবার
এই শারণীয় শুভ দিন। সে দিনের জীবস্ত উপাসনায় ও স্বর্গীয়
উৎসাহে ব্রাহ্মদিগের হৃদয় পরিপূর্ণ হইল। অনেকগুলি
উৎসাহী মুবক ব্রাহ্মধর্মে দীক্ষিত হইলেন। এক্ষণ হইতে

ব্রহ্মমন্দিরের জীবস্ত উপাসনায় বিশেষ উপকার হইতে লাগিল। যাহারা কোন দিন ব্রাহ্মসমাজে গমন করেন নাই, এমন অনেক লোক ব্রহ্মমন্দিরে নিয়মিতরপে আসিতে লাগিলেন। ব্রাহ্মিকা ভর্মিগণও ব্রহ্মমন্দিরে যবনিকার অন্তরালে বসিয়া পরম পিতার পূজা করিতে সমর্থ হইলেন। কেনার বাবুর স্বর্গীয় উপদেশে উপাসক মগুলীর বিশেষ উপকার হইতে লাগিল। যতদিন ব্রাহ্মধর্মের প্রতি কিন্মিত্রিও অনুরাগ থাকিবে, ততদিন প্রত্যেক ব্রাহ্ম কেশব বাবুর প্রতি বিশেষ কৃতজ্ঞ থাকিবেন। যিনি উপ-দেষ্টাকে কৃতজ্ঞতা প্রদান না করেন, তাঁহার অকৃতজ্ঞ হদয় কথনই ধর্মার্থী নহে।

কিছুদিন পরে কেশব বাবু ইংলণ্ডে গমন করেন। সেখানে ব্রাহ্মধর্মের জয় ঘোষণা করিয়া কলিকাতায় প্রত্যাগত হইলে, অল দিনের মধ্যেই ব্রাহ্মবিবাহ বিধি লইয়া বিশেষ আন্দোলন হইতে লাগিল। কলিকাতা ব্রাহ্মসমাজ বিবাহ বিধির প্রতিবাদ করিতে গিয়া অত্যন্ত অসত্য ব্যবহার অবলম্বন করিলেন। সেই অসত্য ব্যবহারের প্রতিবাদ করাতে ঘোর বিবাদ উপস্থিত হইল। ব্রাহ্মগণ স্বার্থপরতা অহন্ধার পরিত্যাগ না করিলে মধ্যে মধ্যে বিবাদ কলহ হইবেই হইবে, ব্রাহ্মসমাজ শান্তি নিকেতন হইবে না। আপনার ক্ষুদ্রতাকে, তুর্মলতাকে, অসত্য মনকে ব্রাহ্মধর্ম বিলায়া প্রচার না করিয়া যাহা প্রকৃত ব্রাহ্মধর্ম তাহারই আশ্রেয় গ্রহণ করা কর্ত্ব্য। যাহা সত্য তাহাই ব্রাহ্মধর্ম। ব্রাহ্মধর্ম হিন্দুধর্ম কি অন্য কোন ধর্মের শাধা বিশেষ

নহে। সর্বদেশে সকল কালে সকল জাতির মধ্যে গ্রাহ্মধর্ম্মের অধিকার। এক সূর্য্য যেমন সমস্ত পৃথিবীতে আলোক দান করে, রাহ্মধর্মও সেইরূপ সমস্ত পৃথিবীর একমাত্র ধর্ম। ব্রাহ্ম-ধর্ম উদার, পূর্ণ, পবিত্র এবং মুক্তি লাভের একমাত্র উপায়। স্বর্গরাজ্য লাভের এই এক মাত্র পণ। একাকী ধর্মদাধন क्रिंति मुक्ति इस ना। जिकल এक পরিবারে বদ্ধ इटेस পরিত্রাণার্থী হইয়া স্কর্গরাজ্যে গমন করিতে হইবে। একাকী ধর্মপথে গমন করা স্বার্থপরতা। সকলকে লইয়া ধর্মরাজ্যে প্রবেশ করিতে হইবে। এই সত্য জীবনে পালন করিবার জন্য অক্তিভাজন কেশব বাবু ভারতাশ্রম সংস্থাপন করিলেন। ব্রাহ্মগণ পরস্পরে স্থাীর ভাতভাবে স্থিলিত হইয়া দ্যাময় পিতার চরণ পূজা করিয়া পরিত্রাণ পাইবেন, পৃথিবীতে স্বর্গরাজ্যের আৰুৰ্শ প্ৰকাশিত হইবে, ভারতাগ্রমে সেইরূপ উপাসনাৰি হইতে লাগিল। দয়াময় পরমেশ্বর বিশেষ বিশেষ অভাব দূর করিবার জন্য সময়ে সময়ে বিশেষ বিশেষ উপায় বিধান করেন। ভার-णार्धभरक**७** मग्राभरग्रत स्मर्ट विधान विनिशा श्रीकात ना कतिरता. ইহার মহত্ব অনুভব করা যায় না। সর্গের মহৎ সত্যও মন্ত্রের হস্তে পড়িয়া বিকৃত হইয়া যায়। আমরা যদি চেষ্টা না করি, তবে ভারতাপ্রমের উদ্দেশ্য সফল হইবে না। বাহাতে পরস্পরের উপাসনা জীবস্ত হয়, সদ্ভাবের ংদ্ধি হয় সর্বদাই ইহার প্রতি দৃষ্টি রাখিতে হইবে। এই ভারতা-শ্রমের পবিত্র কার্য্য সাধনে কেশব বাবু এতী হইয়াছিলেন

এবং অন্যান্য ভ্রাতা ভগিনীরা ইহার সহকারিতা করি-তেছিলেন।

এই উন্নতির সময়ে কতকগুলি ব্রাহ্ম এই বলিয়া আন্দোলন উপস্থিত করিলেন যে "ত্রাক্ষিকাদিগকে ব্রহ্মমন্ত্রি যবনিকার অভান্তরে বসিতে দেওয়া উচিত নহে। তাঁহারা বাহিরের পুরুষদিগের সঙ্গে বসিবেন। যদি ভ্রাতা ভগ্নী এক সঙ্গে উপা-সনা করিতে না পারি, তবে আমরাও মন্দিরে উপাসনা করিতে গমন করিব না।" আচাধ্য মহাশয় এ প্রস্তাবে আপত্তি করি-লেন না, কিন্তু ব্রাহ্মিকাদিগের জন্য প্রকাশ্য স্থান নির্ণয় করিতে বিলম্ব হইতে লাগিল। এই অবকাশে প্রস্তাবকারিগণ স্ত্রী-পুরুষে একত্রিত হইয়া পৃথকৃ স্থানে ব্রাহ্মসমাজ করিয়া উপাসনা করিতে লাগিলেন। তাঁহারা আরও অগ্রসর হইলেন, কেশব বাবু এবং চুই এক জন প্রচারকের প্রতি বিরক্ত হইয়া দেবেন্দ্র বাবুর আশ্রয় গ্রহণ করিলেন। দেবেন্দ্র বাবু রাজনারায়ণ বাবুকে ঐ সমাজের উপাচার্য্য মনোনীত করিয়া দিলেন। ত্রান্ধেরা পৃথক হইয়া প্রকাশ্যে এবং গোপনে প্রচারকদিগের দোষ ঘোষণা করিতে লাগিলেন। যে সকল ব্রাহ্ম পূর্ম্ম হইতে প্রচারকদিগের প্রতি বিরক্ত ছিলেন, তাঁহারা এই সুযোগে মন্দির ত্যাগী ব্রাহ্মদিগের সহিত মিলিত হইয়া প্রচারকদিগকে নির্যাতন করিতে লাগিলেন। প্রচারকগণ ধর্মের অনুরোধে সাধারণের হিতের জন্য মধ্যে মধ্যে সাধারণের তুর্বলতা উল্লেখ कित्रा शास्त्रन। ज्ञाना जात्मकरे मान मान वित्रक शास्त्रन,

সময় পাইলৈই মনের ভাব প্রকাশ করেন। কিছুদিন পূর্ব্বে বাঁহারা অভ্যন্ত বিনীত ও কতজ্ঞ ছিলেন, অল্লদিন মধ্যে তাঁহারাও চক্ষ্ণজ্ঞা পরিত্যাগ করিয়া উদ্ধৃত ও অকৃতজ্ঞ হইয়া উঠিলেন। আমি পূর্ব্ব হইতে দেখিয়া আসিতেছি, বিদ্বেষ কলহ বিবাদ ভিন্ন ব্রাহ্মসমাজে কোন পরিবর্ত্তন উপস্থিত হয়্ম নাই। অল্ল দিনের মধ্যে পুনঃ পুনঃ পরিবর্ত্তন ইওয়াতে ব্রাহ্মনাজ হইতে সদ্ভাব লাভভাব তিরোহিত হইতেছে। প্রকৃত ধর্মার্থী হইয়া পরিত্রাণের জন্য ব্রাহ্মসমাজে প্রবেশ করিলে সহস্র পরিবর্ত্তনেও লাভভাবের অভাব হয়্মনা। এই আন্দোলননে অনেক অল্ল বয়য় ব্রাহ্মের বিশেষ অপকার হইয়াছে। কেহ কেহ প্রচারকদিগকে তিরস্কার করিয়া বাটা গিয়া প্রায়শিতত করিয়া পৌত্রলিক হইয়া পড়িয়াছেন।

অনেকে মনে করিতে পারেন যে, প্রচারকগণ, স্ত্রী সাধীনতার বিরোধী নহেন, তবে তাহাদিগের সহিত স্থী-সাধীনতাপ্রিয় ব্রাহ্মদিগের বিবাদ হইল কেন ? প্রচারকগণ স্ত্রীস্থাধীনতার
বিরোধী নহেন। তাহার৷ বলেন স্থাধীনতা অস্তরে—স্থাধীনতা
বাহিরে নাই। মন জ্ঞান ধর্ম্মে সমূরত না হইলে প্রকৃত স্থাধীনতা লাভ করা নার না। অতএব স্ত্রীজ্ঞাতিকে প্রথমে জ্ঞান
ধর্ম্মে উন্নত করিতে হইবে। জ্ঞান ধর্মের উন্নতি দ্বারা কর্ত্ব্য
বৃদ্ধি বলবতী হইলে, বিবেক প্রস্কৃটিত হইলেই স্ত্রীজ্ঞাতি
স্থাধীনভাবে সকল কাগ্য সম্পন্ন করিতে পারেন। জ্ঞান ধর্ম্মের
উন্নতি না হইলে মন নিকৃষ্ট বৃত্তির অধীন হইয়া স্বেচ্ছাচারী

হর, স্বাধীনভাবে ধর্মভাবে কোন কার্য করিতে পারে না। বিলাসিতাকে স্বাধীনতা বলিয়া গণ্য করা যার না। অতএব স্থীজাতি যাহাতে প্রকৃত স্বাধীনতা লাভ করিতে পারে, তজ্জন্য চেষ্টা করা কর্ত্তব্য। কিন্তু স্বাধীনতার নাম লইয়া স্থীজাতিকে স্পেছাচারিণী করা উচিত নহে। স্থীস্বাধীনতাপ্রির রাহ্মগণ প্রচারকদিগের অভিপ্রায় বুঝিতে না পারিয়া ভাঁহাদিগের উপর গালি দিতে প্রবৃত্ত হইলেন। রাহ্মসমাজে যে কিছু শান্তি সদ্ভাব ছিল, এই আন্দোলনে তাহাও তিরোহিত হইতে লাগিল।

কিছুদিন পরে আচার্য্য মহাশয় মলিরে আসন নির্নিপ্ত করিয়া মলিরতাগী ভাতা ভগাঁদিগকে আহ্বান করিলেন। তাহাদিগের মধ্যে অধিকাংশ আগমন করিলেন না। তাহারা রাজনারায়ণ বাবুকে উপাচার্য্য করিয়া পৃথক সমাজই রাখি-লেন। রাজনারায়ণ বাবু এই অবকাশে কলিকাতা ত্রাহ্ম-সমাজের সংকীর্ণ মত প্রচার করিতে বিশেষ মুযোগ প্রাপ্ত হইলেন।

আমি ব্রাহ্মসমাজে প্রবেশ করিয়া যে যে পরিবর্তন দর্শন করিয়াছি এবং প্রত্যেক পরিবর্তনের সঙ্গে সঙ্গে যে সকল অসদ্ভাব অশান্তি উপন্থিত হইয়া, ব্রাহ্মসমাজকে ছারখার করিয়াছে সংক্ষেপে তাহা উল্লেখ করিলাম। উগ্লিখিত বিষয় সকল স্থিরভাবে আলোচনা করিলে বর্তুমান সময়ের অসদ্ভাব হৃদ্ধির প্রকৃত কারণ অমুভূত হইবে।

প্রত্যেক রাহ্ম পরিত্রাণার্থী হইয়া ঈ্ধরলাভে ব্যাকুল হ ইলে কোন প্রকার বিবাদই হইতে পারে না। অতএব নিমে যে সকল নিয়ম নির্দেশ করিতেছি ব্রাহ্মগণ যদি তদনুরূপ জীবনযাপন করিতে পারেন, তাহা হইলে বিশেষ উপকার হইবে সন্দেহ নাই।

১। প্রতিদিন অন্যন তিনবার পরত্রক্ষের উপাসনা করিবে। অভ্যস্ত কতকগুলি বাক্য বলিয়া উপাদনা শেষ না করিয়া জীবস্তভাবে উপাসনা করিতে হইবে। উপাসনার সঙ্গে সঙ্গে ব্রহ্মসাধন আরম্ভ করিতে হইবে। প্রথমে বাফ জগতের শোভা সৌন্দর্য্যের মধ্যে ঈশবের শোভাসৌন্দর্য্য উপলব্ধি করিতে হইবে। এমনই অভ্যাস করিতে হইবে যে, বাহু সৌলর্ব্যে ঈশবের শোভা না দেখিলে সকল ফলর পদার্থকেই শূন্য বোধ হইবে, ষেণানে প্রকৃতি স্বাভাবিক শোভায় পরিপূর্ণ, দেখানে ঐ প্রকার সাধন করা কর্তব্য। **এই সাধন অভ্যস্ত হইলে সর্কব্যাপী ঈশ্বরকে সকল** ত্বানেই উপলব্ধি করা হাইবে। পাপ করিতে আর সাহস থাকিবে না। এই সাধন বিশেষরূপে আয়ত্ত হইলে মন আর উহাতে मकुष्ठे थाकित्व ना। ज्थन मत्न इटेरव रच हक्क यनि व्यक इम्र, তবে প্রকৃতির সৌন্দর্যো তাঁহাকে কিরপে দর্শন করিব ? অত্তএব দ্য়াময় নামের মধ্যে তাঁহাকে সাধন করিতে হইবে। নাম উচ্চারণ করিতে করিতে তাঁহার ভাবে হৃদয় পূর্ণ হইলে নাম সাধন সার্থক হইবে। নাম সাধন করিতে

করিতে নাম জার তিনি অভিন্ন হইবেন। তখন নামকে গুটিকত অক্ষর বলিয়া বোধ হইবেনা, নামের ভাবের মধ্যে পূর্বজ্ঞাকে দর্শন করিরা প্রাণমন শীতল হইবে। নাম সাধন হইলে অন্তরে পিতার সহিত যোগসাধন করিতে বিশেষ ব্যাকুলতা হইবে। অন্তরে দয়াময় পিতা প্রকাশি ও হইবেন, হাদয় অনিমেষ লোচনে তাঁহার সৌন্দর্যা দেখিয়া বিমুদ্ধ হইবে। এই যোগসাধনই পরলোকের একমাত্র সম্বল। এই ত্রিবিধ সাধন হারা বিনীত হইয়া দীন হীন ভাবে পিতার চরণে পড়িয়া থাকে। নিন্দা প্রশংসায় সাধকের মন বিচলিত হয় না; স্বভরাং তাঁহার নিকট বিবাদ বিসম্বাদ অসম্বর হয়। প্রত্যেক ব্রাহ্ম এরপ সাধন আরম্ভ না করিলে ব্রাহ্মসমাজের মঙ্গল হইবে না। সাধন না করিলে ব্রাহ্মসমাজের মঙ্গল হইবে না। সাধন না করিলে ব্রাহ্মপর্ম গ্রহণ করা বিড্ম্বনা মাত্র।

২। কেহ বিশ্বাস বিরুদ্ধ কার্য্য করিতে পারিবেন না।

মনে যাহা সভ্য জানিবেন, কার্য্যে তাহা পরিণত করিবেন।
সহস্র ক্ষতি হইলেও কপট আচরণ করিতে পারিবেন না।

- ৩। কেহ ভাতার কথার অবিশ্বাস করিতে পারিবেন না।
- ৪। ত্বাসক্তি, মাদক-দেবন, কোন প্রকার মিধ্যাকথা, মিথ্যা ব্যবহার, প্রবঞ্চনা, বিশাস্থাতকতা, কৃতম্বতা, ব্যভিচার, প্রনিন্দা, উৎকোচ গ্রহণ প্রভৃতি পাপাচরণ করিলে তাহাকে ব্যাহ্ম বলিয়া গ্রহণ করা উচিত নহে।
  - ে। ব্রাহ্ম বেমন ঘূণার সহিত পাপকার্য্য পরিভ্যান

করিবেন, তেমনই প্রকার সহিত সংকার্ধ্যের অসুষ্ঠান করি-বেন। পাপ করা বেমন অধর্ম, কর্ত্তব্য পালন না করা সেইরূপ অধর্ম।

- ৬। কাহার দোষ দেখিলে, তাহার ছর্ম্বলতা দূর করি-বার জন্ম স্বারের নিকট প্রার্থনা করিতে হইবে এবং গোপনে ভাঁহাকে সংখোধন করিবে। ভাতার দোষ লইয়া উপহাস করিবেনা।
- १। বেমন নির্জ্জনে উপাসনা করিবে, তেমনি নিয়মিত-রূপে সামাজিক উপাসনা করিবে।
- ৮। স্বীয় হর্জলতাকে সমর্থন না করিয়া বিনীতভাবে হর্জলতা স্বীকার করিবে।
- ১। কেছ ঈখরের নাম লইয়া উপহাস করিলে কর্ণে হস্তু দিয়া তাহার কথাকে অগ্রাহ্ম করিবে।
- ১০। ঈশর, পরলোক, প্রার্থনা, পাপপুণ্য, প্রায়ন্চিত, মুক্তি, জনত উন্নতি প্রভৃতি ব্রাহ্মধর্মের মূল সভ্যে যাহার বিশাস নাই, তাহাকে ব্রাহ্ম বলিয়া গণ্য করা হইবে না।

এই দশটা নিয়ম ত্রাহ্মসমাজে শাসনরপে না থাকিলে বাহ্মগণ সদ্ভাব ও শান্তি ভোগ করিতে সক্ষম হইবেন না। ব্রাহ্মদিগের বর্ত্তমান জীবন ধর্মহীন বলিলে অভ্যক্তি হয় না। সাধন আরম্ভ না হইলে প্রকৃত ধর্ম ব্রাহ্মসমাজে সংখ্যাপিত হইবে না। ব্রাহ্মগণ বে সময় টুকু বিবাদ করিরা অভিবাহিত করেন, সে সময় টুকু দিয়া সাধন করিলে

জীবনের প্রকৃত মন্ত্রল সংসাধিত হয়। সমস্ত জ্বণান্তি নিবা-রণের একমাত্র উপায় ব্রহ্মসাধন। ব্রাহ্মগণ বিশেব প্রজার সহিত ব্রহ্মসাধন করিয়া শান্তিলাভ করেন, এই জামার বিশেষ নিবেদন।

আমার জীবনের যে অংশ উল্লেখ করিলে লিধিত বিষয় বোধগম্য হইবার স্থবিধা হইবে, এই প্রস্তাবে সেই অংশ সংক্ষেপে উল্লেখ করিয়াছি। তজ্জন্য যদি কিছু দোষ হইরা থাকে, ব্রাহ্মভ্রাতৃগণ অপরাধ মার্জ্জনা করিয়া অনুগৃহীত করিবেন।

এই পৃস্তক মুদ্রিত হওয়ার পর হইতে এ পর্যাপ্ত বে সকল পরিবর্ত্তন ষটিয়াছে, তাহা সংক্ষেপে উল্লেখ করিতেছি। কেশব বাবু বিলাত হইতে কলিকাভায় প্রত্যাগত হইয়া ভারত সংস্কার সভা স্থাপন করেন। স্ত্রীশিকা, স্থলত সমাচার, দাতব্য, স্থরা-शान निरातम, সামান্য লোকদিগকে শিক্ষা দান। এ বিষয়ে বিশেষ উৎসাহের সহিত কার্য্য হইতে লাগিল। মহিলাদিগকে শিক্ষা দান এবং বেহালা গ্রামে রোগীদিগকে ঔষৰ বিভরণ প্রভৃতি ওকতর পরিশ্রমে আমার শরীর ভন্ন হইয়া গেল। হঠাৎ হৃৎপিণ্ডের পীড়া হইল। কিছুদিন চিকিৎসায় আরোগ্য লাভ করিয়া দিলাজপুর, রক্ষপুর, কলিকাতা, পোবরাছড়া, কোচবেহার প্রভৃতি স্থানে ধর্ম প্রচার জন্য গমন করি। কোচবেছারে পুনর্কার পীড়া রন্ধি পাওয়াতে শান্তিপুরে আসিরা কিছুদিন অবস্থিতি করি। এই সময়ে ভক্তিভাজন রামকৃষ্ণ পরমহংস মহাপ্রের সহিত কেশব বাবুর আলাপ হয়। তাঁহার জীবত বৈরাগ্য দর্শনে কেশব বাবু বৈরাগ্য সাধনে প্রবৃত্ত হইয়া আমাকে কলিকাতার আসিতে পত্র লেখেন, আমি কলিকাতার আসিয়া দেখি কেশব বাবু সহস্তে রন্ধন করিতেছেন। ত্রাহ্ম-সমাজে যাহাতে বৈরাগ্য ভাব প্রবেশ করে তজ্জন্য তিনি वास्त्रिक (5%) क्रिएएहम। स्मर्थ भ्रम् भ्रम् भ्रम् বৈরাগ্যের প্রশংসা প্রবৰ করিয়াছি। আবার কতিপয় ব্রাহ্ম বৈরাগ্যের খোর বিরোধী হইয়া কেশব বাবুকে নিন্দা করিতে লাগিলেন। ব্রাহ্মসমাজে বৈরাগ্য কেন ? বৈরাগ্য কথাও বেন ব্রাহ্মসমাজকে স্পর্শ না করে। খাও দাও আমোদ কর. मर्था मर्था नेयरतत नाम कत, खठ वाड़ावाड़ी किन १ देशत পরই সাধন ভজনের জন্য অনেকের মনে ব্যাকুলতা প্রকাশ পাইতে লাগিল। সাধন ভজনের নানা উপায় স্থির করিতে করিতে কেশব বাবু ষোগ ও ভক্তি সাধনের উপায় প্রকাশ कदित्नन।

প্রিয় বন্ধ আবোরনাথ ওপ্ত যোগ এবং আমি ভক্তি সাধন করিব। প্রীযুক্ত গৌরগোবিন্দ রায় জ্ঞান সাধন এবং প্রীমতী মুক্ত-কেনী ভাচ্ডী সেবা অর্থাৎ কর্ম সাধন করিবেন। এইরপ ছির করিয়া কেশব বাবু যোগ ভক্তি সাধনের নিয়মিডরপে উপদেশ প্রদান করিলেন। সাধনের জন্য কেন্দ্রগরের নিক্ট মোড় পুক্র প্রামে একটী উদ্যান ক্রেয় করিয়া "সাধন কানন" স্থাপন করিলেন।

এইরপে সাধন ভজন চলিতেছে। এ সময়ে বিশেষ

কোন চ্বটনা পূনঃ পূনঃ উপছিত হওরাতে, একদিন কতিপর প্রচারকের সহিত আমার বাদামুবাদ হয়। এই সকল কারণে আমি কলিকাতা ত্যাগ করিয়া সপরিবারে বাগজাঁচড়া গ্রামে দিয়া অবস্থিতি করিলাম।

বাগলাঁ চড়া ব্রাহ্মসমাজের উদ্যানে একদিন নির্ব্ধনে বসিরা প্রার্থনা করিতেছি। হঠাৎ আমার মধ্যে যেন একটা জ্যোতিঃ প্রবেশ করিল এবং কে যেন বলিল ভূই আর আপনাকে বন্ধ রাখিস্ না। গণ্ডির মধ্যে থাকিলে ধর্ম হয় না। ভাজ মাসে বাগলাঁ চড়ার ব্রহ্মোৎসব হইল তাহাতে স্বর্গ হইতে প্রেম স্রোভঃ প্রবাহিত হইল। এমন অবস্থা জীবনে কখনও লাভ করি নাই।

এ দিকে কলিকাতা হইতে প্রচারক ভাতারা পত্র লিখিতে লালিলেন বে, তুমি শুক হইয়া মরিবে। মাতৃত্বন পান না করিলে অর্থাৎ কেশব বাবুর নিকট না থাকিলে বাঁচিবে কি রূপে ? এই পত্র পাইয়া আমি অবাক্ হইলাম। আমি নিজে আছি ভাল, ভাঁহারা গালি দেন ইহার কারণ কি ?

আবার আমাকে কে বেন ডাকিয়া বলিল, বদি ধর্মজীবন চাও আর গণ্ডির মধ্যে প্রবেশ করিও না।

আমি পিঞ্জর মুক্ত পদীর ভার উড়িতে পিয়া পাধার বল পাই না। তথ্ন বুঝিলাম ইং। গণ্ডির পরিণাম।

ইহার পর কেশব বাবুর কন্সার বিবাহ লইয়া মহা আন্দোলন, তাহাতে আমিও কেশব বাবুর প্রতিবাদ করিয়া তাঁহাদের

নিকট হইতে বিদার লইলাম। সাধারণ ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠিত হইল। ব্রাহ্মসমাজ কোন মনুষ্যের উপর নির্ভর করেন না। মধনই মানুষ ব্রাহ্মসমাজে প্রাধান্য লাভের জন্ম বত্র করিয়া-ছেন, তথনই ব্রাহ্মসমাজে ধোর আন্দোলন উপস্থিত হইয়াছে। ময়ং পরমেশ্বর ব্রাহ্মসমাজের নেতা ও বিধাতা। কোন মনুষ্য ইহার বৃহ্ণক নহে।

আমি জীবনের পরীক্ষায় বুরিয়াছি বে, ব্রাহ্মসমাজ কোন দল কিয়া সম্প্রদায় নহে। হিন্দু মুসলমান, য়ষ্টান রিছদী সকল সম্প্রদায়েরই সেই এক পরব্রহারর পূজা করা লক্ষ্য। প্রেম, ভক্তি, পবিত্রতা বেধানে সেধানেই ধর্ম। ধর্মই উদ্দেশ্য, দল উদ্দেশ্য নহে। নিজের অন্তরে কত্দুর ধর্ম লাভ হইল তাহারই প্রতি সর্বর্দা দৃষ্টি রাধা কর্ত্তব্য। দলাদলি না করিয়া প্রকৃত ধর্মের জন্য লালায়িত হইলে আর ব্রাহ্মসমাজ লইয়া বিবাদ বিস্থাদ করিতে হয় না।

বর্ত্তমান সময়ে ব্রাহ্মসমাজে যে প্রণালীতে উপাসনা সাধন ভজন চলিতেছে, তাহার অধিকাংশ পরোক্ষ। অতএব প্রত্যক্ষ ও জীবস্ত ধর্ম লাভ করিতে হইলে, উপাসনার সাধন ভজনও প্রত্যক্ষ এবং জীবস্ত হওয়া প্রয়োজন। সাধারণ ব্রাহ্ম-সমাজ বদি র্থা বাক্য ব্যয় নাকরিয়া বর্থার্থ ধর্মের জন্য ব্যাক্শ হন তাহা হইলে হুংধীর কথা বাসী হইলে লাগিবে।

## 1000 TO 1000 T